Telephone No. : 2200-1641
Fax No. : 2200-2444

Secretary to the Governor,
West Bengal.
Raj Bhavan, Kolkata-700062
e-mail – secy-gov-wb@nic.in

No. 2817-G Dated : 21.7.11

His Excellency Shri M. K. Narayanan, Governor of West Bengal is glad to learn that Amader Arpan is bringing out its Annual Magazine "Abhi" on 15th August, 2011.

The Governor extends his felicitations and best wishes to all those associated with the organisation and congratulates them on the occasion.

**Chandan Sinha**

Shri Partha Das,
President,
Amader Arpan,
206, Purbalok,
P.O. – Kalikapur,
E.M. By-pass,
Kolkata – 700099.

Phone PBX :
(033) 2654-1144 / 1180
(033) 2654-9581 / 9681
FAX : (033) 2654-4346
Email : rkmhq@belurmath.org
Website : www.belurmath.org

RAMAKRISHNA MATH
( The Headquarters )
P.O. BELUR MATH, DIST. HOWRAH
WEST BENGAL : 711202
INDIA

## MESSAGE

I am glad to learn that 'Amader Arpan' of 206, Purbalok, P.O. Kalikapur, Kolkata 700099, a philanthropic organization, is going to publish its first annual journal 'Abhi', containing inspiring articles including those on the lives and teachings of Sri Ramakrishna, Holy Mother Sri Sarada Devi and Swami Vivekananda.

From the brochures supplied to me I learnt about the service activities being conducted by the organization for the poor and needy people of the society.

I pray to Bhagavan Sri Ramakrishna, Holy Mother Sri Sarada Devi and Swami Vivekananda to shower their blessings on the organizers of the institution for the successful publication of 'Abhi' and to give them more strength and resources so that they can reach their services to more number of poor and needy people of the society.

My best wishes to all the members of 'Amader Arpan'.

(Swami Smaranananda)
Vice-President

May 7, 2011

ॐ

# MESSAGE

We are happy to note that “Amader Arpan” is doing great service to the under privileged children in the field of education.

It is heartening to know that, you are bringing out a magazine called “ABHI” to cater to the different levels of society in general. We send our best wishes to the magazine.

Our prayers to the Almighty to help you in your endeavour.

With good wishes,

Yours in the Lord,
**Swami Harshananda**

Ramakrishna Math
Bull Temple Road
Bangalore - 560019
Ph # 080 - 2661 3149, 2667 1010
Email: office@rkmathbangalore.org
rkmblr@dataone.in

## BANKING DETAILS

Banking information is detailed below:

Bank Name : Indian Bank

Account Name : Amader Arpan

Account No. : **807147277**

**9 digit number (MICR number) : 700019010**

Type of Account : Savings

Bank Address : 1, Ganesh Chandra Avenue, Kolkata 700 013

Swift Code : **IDIBIN BBMAS 1708858201 with Standard Chartered Bank of India having Swift Code SCBLGB2L – For transferring the money from any other country to India**

IFSC Code : **IDIB000G003** - For transferring the money from any bank in India

## ORGANISATIONAL BRIEF

Registered Name & Address:

**AMADER ARPAN**
206, Purbalok, P.O. Kalikapur (Mukundapur)
E.M.By-Pass, Kolkata 700 099

Registration Under W.B. Act XXVI of 1961 S/1L/55575
Donation to 'Amader Arpan' are exempt from Income Tax u/s80G of I.T. Act 1961
E-mail: amaderarpan@gmail.com, tapassaha206@gmail.com
Web: www.amaderarpan.org

Contact Persons:
**Maloy Dey**, Secretary, **Mobile: 098315 11629**
**Tapas Saha**, Co-ordinator, **Mobile: 094337 55045**

# List of Executive Members of Amader Arpan for The Financial Year 2011-12

| Sl.No. | Name | Designation |
|---|---|---|
| 1. | Mr. Partha Das | President |
| 2. | Mr. Anjan Dey | Vice President |
| 3. | Mr. Maloy Dey | Secretary |
| 4. | Mr. Angshuman Garai | Asst. Secretary |
| 5. | Mr. Pijush Kanti Mandal | Adviser |
| 6. | Mr. Tapas Saha | Co-ordinator |
| 7. | Mrs Sarbari Dhara | Treasurer |
| 8. | Mr. Soukarsha Das | Asst. Treasurer |
| 9. | Mr. Surajit Sen | Strategic Planning |
| 10.<br>11.<br>12. | Mr. Debranjan Sar<br>Mr. Suman Gupta<br>Mr. Sudip Das | Co-ordinators-<br>Bamanpukur Project |
| 13.<br>14. | Mr. Rajarshi Thakurta<br>Mr. Angshuman Garai | Joint Co-ordinator – Magazine |
| 15. | Mrs Sima Saha | Planner – Retreat Programme Management |
| 16. | Mr. Bapi Naskar | Incharge – Retreat Programme Management |
| 17. | Mrs. Nupur Baul | Library Management |

## Vizag Unit:

| | | |
|---|---|---|
| 1. | Mr. Goutam De | Unit Chief |
| 2. | Mr. Sarthak Majumder | Unit Co-ordinator |

## FROM THE PRESIDENT'S DESK

I am delighted to interact with you through our first edition of "ABHIH". Onbehalf of 'Amader Arpan' I congratulate all our members, well wishers for their devotion, dedication and commitment for publishing our first edition. I must say, we require your constant support likewise for the coming future to achieve something great.

Three years ago when we started our journey, we were just ten members with certain dreams in our eyes, specially to contribute ourselves for the education of underprivileged. Since then, we have come across a long path, our member strength has grown into sixty and now we can dare to dream little more for betterment of our society. We have been able to start one branch in Vizag. But it is too early to say that we have grown enough to stretch our hands to a larger section of the deprived people. We urge your constant contribution for a bigger and stronger "AMADER ARPAN".

You may ask me, "Why I should come forward for this? What is the benefit I am going to get from it?". You need to do it for your own. You have a responsibility towards the society in which you have grown up. We should sacrifice our today so that our children can have a better tomorrow. You must payback something which all of us can be proud of. We all require your sincere effort for this noble cause. We can make our world beautiful.

*"The more we come out and do good to others, the more our hearts will be purified, and God will be in them"*

**Partha Das**

## FROM THE SECRETARY'S DESK

It gives me immense pleasure to bring out the first publication of our annual Magazine 'ABHIH'. I take this opportunity to thank all those without whom it wouldn't have been a reality. This magazine contains writings from our members, monastics of Ramakrishna Math and Ramakrishna Mission, eminent personalities and our well-wishers. The contents of these writings will give insight into the values of life, social activities and their utility, extracts from the life and teachings of spiritual giants like, Thakur Sri Sri Ramakrishna, Sarada Maa, Swami Vivekananda. The magazine also contains details of our organizational activities. This magazine is going to be published on a yearly basis.

We, the members of this organization have devoted ourselves for the service of mankind in various forms for the last three years. We donate garments and essential commodities for livelihood to the poor villagers, essential study materials to the needy students on a regular basis in different regions of West Bengal and Ghatsila, Jharkhand. We organize blood donation camps every year. We carry out relief camp to the place affected by natural calamities. With an objective of standing beside the needy but talented students of the society in every possible ways, we are currently facilitating about 100 students of Bamanpukur, North 24 Parganas district of W.B, we have a charitable Homeopathy Dispensary at Bamanpukur for the needy people of this locality, 4 students of Ghatsila in Jharkhand, Kolkata for their primary and secondary education, 5 students from different regions of W.B for their Higher Secondary education and 1 Engineering student. In the long run, we would like to concentrate on constructing a complete institution which will act as a shelter cum learning centre for the deprived students of the society.

Majority of the people in our country are poor and ignorant. We all can serve them for the betterment of our society. We believe that service to mankind is actually service to God and through our continual service we are actually uplifting ourselves. We try to reach out everybody who can make the difference through this magazine. We welcome all of you to serve the nation with great pride. In this context, I would like to quote Swami Vivekananda:

*"In the world take always the position of the giver. Give everything and look for no return. Give love, give help, give service, give any little thing you can, but keep out barter. Make no conditions and none will be imposed on you. Let us give out of our own bounty, just as God gives to us."*

**Maloy Dey**

# AUDITORS' REPORT

We have audited the attached State of Affairs of **AMADER ARPAN, 206, PURBALOK, P.O.: - KALIKAPUR, E M BYPASS, Kolkata – 700 099** as at 31st March, 2011 and the Income & Expenditure Account for the year ended on the said date. These financial statements are the responsibility of the Governing Body of **AMADER ARPAN .** Our responsibility is to express an opinion on these financial statements based on our audit.

We report that:

**1.** We have obtained all the information and explanations, which to the best of our knowledge and belief were necessary for the purpose of our audit.

**2.** In our opinion, proper books of account have been maintained so far as appears from the examination of such books.

**3.** The State of Affairs and the Income & Expenditure Account referred to in this report are in agreement with the books of account.

**4.** In our opinion and to the best of our information and according to the explanations given to us, the Said State of Affairs and Profit & Loss Account give a true and fair view:

a) In the case of State of Affairs of the Association as at **31 st March 20 11**

b) In the case of Income & Expenditure Account of the profit for the year ended on the said date.

For **P Karmakar & Associates**

Chartered Accountants

**C A PRATAP KUMAR DE**

**Pratap Kumar De**

(Proprietor)

Dated: 5-4-11

Kolkata

**AMADER ARPAN**

206, PURBALOK, P.O.:- KALIKAPUR, E M BYPASS, KOLKATA – 700 099

Balance Sheet As At 31/03/2011

| Liabilities | Amount Rs. | Amount Rs. | Assets | Amount Rs. | Amount Rs. |
|---|---|---|---|---|---|
| ***Capital Fund:-*** | | 21,100.00 | ***Investment:-*** | | |
| | | | Fixed Deposit with | | |
| | | | Indian Bank | 211,083.00 | |
| ***General Fund :-*** | | | Add : Interest Accrued | 14,291.79 | 225,374.79 |
| -Opening | 72,878.00 | | | | |
| -Excess of Income | | | | | |
| over Expenditure | 6,524.00 | 79,402.00 | ***Current Assets:-*** | | |
| ***Corpus Fund :-*** | | | ***Cash at Bank*** | | |
| -For Green Field Project | | | Indian Bank | | 109,268.00 |
| As per last A/c | 230,000.00 | | | | |
| Add : FD Interest transfer to | | | | | |
| Corpus Fund | 14,291.79 | 244,291.79 | | | |
| ***Outstanding Liabilities :-*** | | | ***Cash in Hand*** | | 11,151.00 |
| Audit Fees Payable to | | | | | |
| P Karmakar & Associates | | 1,000.00 | | | |
| | | 345,793.79 | | | 345,793.79 |

Place: Kolkata

Dated: 5-4-11

For P Karmakar & Associates

Chartered Accountants

Pratap Kumar De

C A PRATAP KUMAR DE

(Proprietor)

**AMADER ARPAN**

206, PURBALOK, P.O.:- KALIKAPUR, E M BYPASS, KOLKATA – 700 099

Income & Expenditure Account for the year ended 31/03/2011

| EXPENDITURE | Amount Rs. | INCOME | Amount Rs. |
|---|---|---|---|
| To, Educational Expenditure | 36,000.00 | By, Member's Monthly Contribution | 79,650.00 |
| " Tribal Education | 201,450.00 | " Member's Special Contribution | 205,537.00 |
| " Expenses for Charitable Hoemopathy dispensary | 15,260.00 | " Member's Donation for Blood- -Donation Camp | 6,150.00 |
| " Blood Doantion Camp Exp.:- - At Kolkata | 21,434.00 | " Donation from Wellwishers | 81,841.00 |
| " Donation | 76,722.00 | " Refreshment for blood donar given- -by Haemophilia Society (Blood Bank) | 1,560.00 |
| " Printing & Stationary Exp. | 177.00 | " Bank Interest | 2,922.00 |
| " Medical Expenses | 11,141.00 | | |
| " Books for Library | 1,094.00 | | |
| " Celebration of independence day at Baman- pukur | 4,098.00 | | |
| " Expense for Retreat programme at Bamanpukur | 1,000.00 | | |
| " Audit Fees | 1,000.00 | | |
| " Consultancy Fees | 1,400.00 | | |
| " Bank Charges | 360.00 | | |
| " Surplus (Excess of Income over Expenditure) | 6,524.00 | | |
| | **377,660.00** | | **377,660.00** |

Place: Kolkata

Dated: 5-4-11

For P Karmakar & Associates

Chartered Accountants

Pratap Kumar De

C A PRATAP KUMAR DE

(Proprietor)

**AMADER ARPAN**

206, PURBALOK, P.O.:- KALIKAPUR, E M BYPASS, KOLKATA – 700 099

Receipts & Payments Account for the year ended 31/03/2011

| Receipts | Amount Rs. | Payments | Amount Rs. |
|---|---|---|---|
| Opening Cash & Bank Balance | | Donation to Maa Karunamayee | |
| Indian Bank | 96,275.00 | Ramakrishna Sevasram for Ananda Ashram | 36,000.00 |
| In Hand | 17,120.00 | | |
| Member's Monthly Contribution | 79,650.00 | Donation to dropout girl student at Ramkrishna Vivekananda Sarada Sishu Mandir at Ghatsila and for the academic and hostel expenses for the poor students residing in different remote areas | 201,450.00 |
| Member's Special Contribution | 205,537.00 | | |
| Member's Donation for Blood- -Donation Camp | 6,150.00 | Doctors consultancy fee for charitable Hoemopathy dispensory at Ghatsila | 15,260.00 |
| Donation from Wellwishers | 81,841.00 | | |
| Refreshment for blood donar given- -by Haemophilia Society (Blood Bank) | 1,560.00 | Expense for medicines & medical accessories for charitable Hoemopathy dispensory at Ghatsila | 8,085.00 |
| Bank Interest | 2,922.00 | Expense for Retreat programme at Bamanpukur | 1,000.00 |
| | | Donation for academic Expense for two(2) nos. engineering student | 14,900.00 |
| | | Stationary & Printing Expenses | 177.00 |
| | | Expenses for arrangement of Blood Donation Camp at Kolkata | 21,434.00 |
| | | Donation for Garments distribution at **B**manpukur | 4,556.00 |
| | | Donation to Mr. Subrata Dutta for his treatment related to kidney problems and his family | 18,250.00 |
| | | Donation to other NGO and Ramkrishna Mission | 19,650.00 |
| | | Expense for donating Books for the poor student residing at the remote villages of Bankura | 5,100.00 |
| | | Monthly Donation for the food expenses required by Mr. J.Majumder, an Aged, retired meteriologiest at Shantiniketan | 3,600.00 |
| | | Medicine expence for Krishnapada Maharaj | 56.00 |
| | | Expenses for buying books & pamplets for Amader Arpan's Library | 1,094.00 |
| | | Donation to amunpukur,Bankura and Karunamoyee during Durgapuja & Kalipuja for the walfare of students and also for puja | 10,666.00 |
| | | Medical expenses of Mr.Nilendu Mitra a renounded singer residing at barrackpore | 3,000.00 |

| | | | |
|---|---|---|---|
| | | Celebration of independence day at Bamanpukur and Karunamoyee | 4,098.00 |
| | | Expenses for the audit fees (2009-10) of A. Arpan paid to M/s. P. Karmakar & Associates & the consultance fees for renewal and amendment of object of registration certificate and Lawyer consultation fees for income tax exemption certificate | 1,900.00 |
| | | Bank Charges | 360.00 |
| | | Closing Cash & Bank Balance | |
| | | Indian Bank | 109,268.00 |
| | | In Hand | 11,151.00 |
| | **491,055.00** | | **491,055.00** |

Place: Kolkata
Dated: 5-4-11

For P Karmakar & Associates
Chartered Accountants

Pratap Kumar De
C A PRATAP KUMAR DE
(Proprietor)

# HERE ARE SOME OF THE INITIATIVES TAKEN BY AMADER ARPAN DURING THE LAST THREE YEARS

1. ***Extended Support to a Kolkata based philanthropic organisation named 'Mission for Human Excellance' (MHE):***

- ***At Belpahari*** **:**

Extended support to Mission for Human Excellence (MHE) in Nov'08, in their effort to uplift the standard of the people (Sabor community) living in the jungles and hills of Belpahari region in West Midnapur.


(a)


(b)


(C)


(d)

(a) – Picture depicting the miserable plight of the people residing in the jungles of Belpahari

(b), (c) and (d) – Distribution of Garments to the above people at Belpahari

Four Color Page

- ***At Ghatsila***:


Financial assistance to MHE in Jan'09 in their effort to serve the poverty striken people of Ghatsila in Jharkhand. Necessary household goods were distributed to these families.




Distribution of necessary household goods to the local residents.

## 2. *Assistance to 'Karunamoyee Ma Karunamoyee Ramakrishna Sevashram' society at Kolkata in setting up of 'Ananda Ashram':*

Assistance to 'Karunamoyee Ma Karunamoyee Ramakrishna Sevashram' society in their efforts towards the establishment of 'Ananda Ashram' in March 2009 inside the Karunamoyee Kalibari complex at Tollygunge, Kolkata. The 'Ananda Ashram' acts as a permanent home for a group of young boys and provides all necessary means to them for shaping better future. At present, there are 10 boys in this centre. AMADER ARPAN bears a part of the running cost of this institution.



(a)



(b)



(C)



(d)



(e)

(a) - Inmates of the ashram; (b), (c), (d) & (e) – Celebration of Rabindra Jayanti in 2011

## 3. ***Blood Donation Camps:***

Amader Arpan has successfully organised 4 Blood Donation Camps till date. Three of those have been organised in Kolkata, whereas one has been organised at the Vizag Steel Plant Township in Vishakhapatnam, Andhra Pradesh. The turn outs at these camps had been very good.



(a)



(b)




( c)

(a)& (b) – Blood donation camps in Kolkata.
(c)– Blood donation Camp at Vizag Steel Plant Township, Vishakhapatnam

## 4. *Initiatives at Ghatsila:*

- **Charitable Homeopathy Dispensary at 'DEVIMATH', Ghatsila:**

'Amader Arpan' with the co-operation of the Sanyasinis of Sarada Math at Devimath (Near Fulpal Crossing, Ghatshila) opened a Homoeopathy Dispensary at the premises of the Math, which was inaugurated on August'09. Our main aim was to provide Medical facilities to the tribal people residing in the area. Special attention was given towards increasing the awareness regarding diseases like Brain Malaria, Typhoid etc. and their treatment.





- ***Sponsoring the accommodation, fooding & education of 4 students at 'DEVIMATH', Ghatsila:***

Financial responsibility of four(4) students at Debimath, Ghatsila, from August'09, with a view to bring them to main stream Education. This initiative covers the full sponsorship of their hostel, fooding and education expenses



- ***Assistance to 'Bharat Sevashram Sangha' of Ghatsila:***

Financial assistance was provided to 'Bharat Sevashram Sangha' of Ghatsila on In March'10, twenty (20) number of classroom benches were donated by 'Amader Arpan' for the students of the school run by the Sangha.



(a)



(b)



( c)



(d)

(a)- The primary school building; (b) – Students (c) & (d) – The classrooms.

## 5. ***Relief work for the 'Aaila' (a devastating storm) affected people of Sunderban areas:***

In May' 2009, major relief operations were carried out by 'Amader Arpan' in the Aaila affected regions of Sunderbans. The operation covered areas like Dhamakhali, Dakshin Hatgacha, Goramari Panchayet, Madhavkati in Sandeshkhali, Sithila and Atapur. 'Amader Arpan' was able to distribute relief materials to more than 600 families residing over those villages and could also organize medical treatment for nearly 430 patients in the medical check-up camps.





Four Color Page







Relief operation at some of the AILA affected spots.

6. ***<u>Initiatives at Bamanpukur Ramakrishna Sevashram, Bamanpukur (Dist-North 24 Parganas):</u>***

- **Monthly Financial Contributions are made to the Ashram to meet the following expenses:**

- Morning Tiffin for all the students of the *Free Coaching Centre* run by the Ashram.
- Salary of the teachers of the above *Coaching Centre*.
- Medicines for the charitable *Homeopathy Dispensary* run by the Ashrama.

- ***Efforts are on to help the Executive Committee of the Ashram in forming a congenial environment inside the Ashram for imparting quality education. This includes the following:***

- *Supervising* the activities of the free coaching centre
- Formalizing the *Routine and Content* of the curriculum
- Introduction of *Extra-curricular activities*.







- ***Independence Day Celebration at Bamanpukur:***

63rd Independence Day was celebrated at Bamanpukur Ramkrishna Sevashram in the year 2010. The celebration witnessed active participation from both the members of Amader Arpan and the members of the Ashram. After the obligatory *'Flag Hoisting'*, the children of that locality came up with *beautiful performances*. It was followed by distribution of sweets. They were also presented with *Pen, Pencil, Notebooks, Pencil boxes and School Bags.*

Four Color Page









## 7. *Assistance to Kharigeria Shri Ramakrishna Ashram, Bankura:*

- AMADER ARPAN has provided assistance to Kharigeria Shri Ramakrishna Ashram, Bankura by providing with *Blankets and Sarees* to the underprivileged people of the locality in 2010.

- *Books, Notebooks, Pens and Pencils* were also donated to the students of the Coaching centre, run by the Ashram.







Distribution of Blankets at Kharigeria Shri Ramkrishna Ashram

## 8. ***Financial Assistance to Ramakrishna Sarada Sevashram, Sukhjora, Bankura:***

Financial Assistance has been provided to Ramakrishna Sarada Sevashram at Sukhjora, Bankura for the construction of *Primary School Building*. Efforts are on to set up a *Library* for the undergraduate students of the region.



The children of the Primary School.

## 9. *Assistance to Hatpara Vivek Niketan at Joynagar, South 24 Parganas:*

- *Books, Notebooks, Pens & Pencils* are donated and monetary contributions are *also* made to the students of the Coaching Centre run by Hatpara Vivek Seva Niketan, an NGO situated at Joynagar Mozilpur, South 24 Parganas.







Celebrating Independence Day in 2009 with the students of ***Hatpara Vivek Niketan***

## 10. *Assistance to a social organisation, Paribrajak, at Krishnagar, Nadia*

- *Notebooks, Pens, Pencils* as well as *Ceiling fans* were donated to the coaching centre run by Paribrajak, a social organisation at Krishnagar on May'10.








Students at ***Paribrajak***

11. ***Financial assistance has been provided from time to time for the medical treatment of some critical patients***

12. ***Financial assistance is being provided to an Engineering student from the year 2009 for pursuing his education at the Institute of Jute Technology, Kolkata***

## 13. *Monthly financial assistance to three (3) students residing at North 24 Parganas for pursuing their education.*

Among the three students, in 2011, two students have passed the *Higher Secondary Examinations* with flying colours:

1. *ANJAN CHATTERJEE* from Malangapara KCD Institution, North 24 Parganas, secured 80.2% marks in Higher Secondary in Science group.

| MARKS OBTAINED : | |
|---|---|
| English: | 76 |
| Bengali: | 72 |
| Maths: | 82 |
| Physics: | 91 |
| Chemistry: | 80 |
| Enviroument: | 83 |
| Biology: | 55 |
| Total: | 80.2% |

** He comes from a very poor family. His father is suffering from severe nerve disorder and is unable to work.

His mother is facing acute problem and meets the expenses of the whole family by engaging herself in a small agricultural land.

2. *MITALI BISWAS* from Kalitala Viswabandhu Sikha Niketan, North 24 Parganas, secured 78% marks in Higher Secondary in Arts group.

| MARKS OBTAINED : | |
|---|---|
| English: | 80 |
| Bengali: | 69 |
| Geography: | 79 |
| Sanskrit: | 86 |
| Education: | 78 |
| Enviroument: | 76 |
| History: | 55 |
| Total: | 78% |

** She also comes from a very poor family. Her father is a van-rickshaw puller, but very sick. Her mother works as a daily wage labourer in the fields to meet the family expenses. Unfortunately, the condition of her health is fast deteriorating.

## 14. Responsibility of five (5) students for pursuing their Higher Secondary Education:

Amader Arpan has taken responsibility of five below mentioned students for their Higher Secondary education in 2011. Amader Arpan has taken care to guide in all possible ways so that their dreams are fulfilled against all odds.

| *Name* | *Passed From* | *% of Marks in 10th* | *Admitted to* | *Stream* |
|---|---|---|---|---|
| *Miss. Suparna Das* | *Bamanpukur Sanyasi Memorial Model High School, North 24 Parganas* | *79%* | *Binodini Girls High School, Dhakuria, Kolkata* | *Science* |
| *Miss. Beauty Das* | *Bamanpukur Sanyasi Memorial Model High School, North 24 Parganas* | *73%* | *Binodini Girls High School, Dhakuria, Kolkata* | *Science* |
| *Mr. Krishnendu Maji* | *Kulya Abinash Chandra Memorial High School, Midnapur* | *92%* | *Ramakrishna Mission Vidyabhavan, Midnapur* | *Science* |
| *Miss. Soumi Banerjee* | *Rishra Girls High School, Hooghly* | *66%* | *Rishra Girls High School,Hooghly* | *Science* |
| *Mr. Sukhendu Samanta* | *Sreebora High School, Paschim Midnapur* | *75%* | *Baishnabchak M.C. High School, Purba Midnapur* | *Science* |

- Miss Suparna Das and Miss Beauty Das have been brought to Kolkata for higher education and all of their needs including accommodation, education (schooling and private tuition), books, notebooks, pens and proper guidance, have been fulfilled.

- ***SOURCE OF INCOME:***

  *DONATIONS MADE BY THE MEMBERS AND WELL-WISHERS OF AMADER ARPAN...*

# SOUL ETERNAL

During our past 3 years, we have been associated with so many people. Some of them have left this world for a higher entity.

With heartfelt condolence, we earnestly pray to God to grant eternal peace to these departed souls and the strength to their families to bear the shock and rise out of the trauma to fulfill all their unfulfilled dreams.

1. **Late Subrata Dutt**
2. **Late Jayanta Majumdar**
3. **Late Jayanta Lahari**
4. **Late Bimalendu Garai**

# অনুভূতিই ধর্মের সারবস্তু

**স্বামী সর্বগানন্দ**

সভ্যতার বিবর্তনের ইতিহাস স্বামী বিবেকানন্দ যেভাবে ব্যাখ্যা করেছেন, মনে হয় সেরূপ অন্য কেউ করেননি। সেই ইতিহাস মানুষের পশুস্তর হতে মনুষ্যত্ব লাভের ইতিহাস, জাতিগঠনের ইতিহাস, বিপ্লবের ইতিহাস, বিজ্ঞানের জয়যাত্রার ইতিহাস, মানুষের স্বাধিকার রক্ষার ইতিহাস, সর্বোপরি মনুষ্যত্ব হতে দেবত্বে উপসংক্রমণের ইতিহাস। পৃথিবী জুড়ে বিভিন্ন স্থানে বিভিন্ন ঢঙে এই বিবর্তন সঙ্ঘটিত হলেও ধর্মসংক্রান্ত যাবতীয় বিবর্তন এই ভারতবর্ষের মাটিতেই হয়েছে। সুতরাং পৃথিবীর ধর্মীয় বিবর্তনের ইতিহাস ভারতবর্ষের ধর্মীয় বিবর্তনের ইতিহাসেরই নামান্তর মাত্র। একথায় অনেকেই আপত্তি তুলবেন। কারণ, ইউরোপীয় ধর্মান্দোলনের ইতিহাস স্বতন্ত্র। চিন, জাপান ইত্যাদি এশীয় দেশগুলির ধর্মেতিহাসও ভারতবর্ষীয় ধর্মেতিহাসের সদৃশ সর্বাংশে নয়। ঠিক কথা। তবে আমরা যে-ধর্মের প্রসঙ্গ তুলেছি তা ধর্মের আনুষ্ঠানিক বা পোশাকি বাহারের দিক নয় — তা ধর্মের ভিতরের কথা, অনুভূতির প্রসঙ্গ। স্বামীজী পরিষ্কার বললেন ঃ "Religion is realization" — ধর্ম অনুভূতির জিনিস। অসাধারণ আশাবাদী ছিলেন স্বামীজী। যখন ইংরেজের পদতলে ভারতবর্ষের মানুষ নিষ্পেষিত হচ্ছে, সেই অন্ধকারাচ্ছন্ন পারিপার্শ্বিকে তিনি বললেন ঃ "For a complete civilisation the world is waiting, waiting for the treasures to come out of India, waiting for the marvellous spiritual inheritance of the race. " — একটি পূর্ণাঙ্গ সভ্যতার পথ চেয়ে আছে এই বিশ্ব। ভারতবর্ষের রত্নাগার থেকে কী উঠে আসবে, কী বিস্ময়কর আধ্যাত্মিক উত্তরাধিকারে জগদ্বাসী ভূষিত হবে, সেই আশায় এই পৃথিবী অপেক্ষমান।

* * *

দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের বাসগৃহে একদিন —

‘‘জীব চারপ্রকার — বদ্ধজীব, মুমুক্ষুজীব, মুক্তজীব ও নিত্যজীব।

‘‘নিত্যজীব ঃ যেমন নারদাদি। এরা সংসারে থাকে জীবের মঙ্গলের জন্য, জীবদিগকে শিক্ষা দিবার জন্য।

‘‘বদ্ধজীব ঃ বিষয়ে আসক্ত হয়ে থাকে, আর ভগবানকে ভুলে থাকে। ভুলেও ভগবানের চিন্তা করে না।

‘‘মুমুক্ষুজীব ঃ যারা মুক্ত হওয়ার ইচ্ছা করে। কিন্তু তাদের মধ্যে কেউ মুক্ত হতে পারে, কেউবা পারে না।

‘‘মুক্তজীব ঃ যারা সংসারে কামিনীকাঞ্চনে আবদ্ধ নয়। যেমন সাধু-মহাত্মারা; যাদের মনে বিষয়বুদ্ধি নাই, আর যারা সর্বদা হরিপাদপদ্ম চিন্তা করে ..

‘‘বদ্ধজীবেরা ঈশ্বরচিন্তা করে না। যদি অবসর হয় তাহলে আবোল-তাবোল ফালতো গল্প করে, নয় মিছে কাজ করে। জিজ্ঞাসা করলে বলে, আমি চুপ করে থাকতে পারি না, তাই বেড়া বাঁধছি। হয়তো সময় কাটে না দেখে তাস খেলতে থাকে।’’

সকলে স্তব্ধ বিস্ময়ে তাকিয়ে আছে এক প্রশান্ত সৌম্য মহামানবীয় মূর্তির দিকে। সাধারণ কথার মাধ্যমেএক অসাধারণ বিশ্লেষণ। মনে প্রশ্ন উঠছে, এই বদ্ধজীবের মন কি কখনো অধ্যাত্মমহিমায় আলোকিত ভারতবর্ষের রূপ দেখবে? মনে হয় সম্ভব নয়। তারা ধর্মের বর্জ্য অংশের চাকচিক্য ও বিশাল আড়ম্বরে মোহিত হয়ে ভাববে, আহা তাই তো, এই যে আমার কাঙ্ক্ষিত বস্তু। নানাবিধ অলৌকিকতার মোহনীয়তায় আবিষ্ট ঐসকল মনের

কাছে ধর্ম থেকে 'অনুভূতি' বাদ পড়বে। বদ্ধজীব বোধস্বরূপ শ্রীভগবানের চিন্তার কোন প্রয়োজন আছে বলেই মনে করবে না। আজ এই সময়ে, এই বিশ্বে এই কী বৃহত্তর মানবগোষ্ঠীর চরিত্র? বোধ হয় তাই।

এতৎ সত্ত্বেও, অনুভূতি চিরকাল অলঙ্ঘনীয় থেকে যাবে। কী সেই অনুভূতি? অনুভূতিবান পুরুষের বর্ণনা দিয়েছেন স্বয়ং শ্রীরামকৃষ্ণঃ

''(গোস্বামীর প্রতি) — তা ঈশ্বর শুধু সাকার বললে কি হবে? তিনি শ্রীকৃষ্ণের ন্যায় মানুষের মতো দেহধারণ করে আসেন — এও সত্য, নানা রূপ ধরে ভক্তকে দেখা দেন — এও সত্য। আবার তিনি নিরাকার, অখণ্ড সচ্চিদানন্দ — এও সত্য। বেদে তাঁকে সাকার - নিরাকার দুই বলেছে, সগুণও বলেছে, নির্গুণও বলেছে।

''কিরকম জান? সচ্চিদানন্দ যেন অনন্ত সাগর। ঠাণ্ডার গুণে যেমন সাগরের জল বরফ হয়ে ভাসে, নানা রূপ ধরে বরফের চাঁই সাগরের জলে ভাসে; তেমনি ভক্তিহিম লেগে সচ্চিদানন্দ-সাগরে সাকারমূর্তি দর্শন হয়। ভক্তের জন্য সাকার। আবার জ্ঞানসূর্য উঠলে বরফ গলে আগেকার যেমন জল, তেমনি জল। অধঃ ঊর্ধ্ব পরিপূর্ণ। জলে জল। তাই শ্রীমদ্ভাগবতে সব স্তব করেছে — ঠাকুর, তুমিই সাকার তুমিই নিরাকার; আমাদের সামনে তুমি মানুষ হয়ে বেড়াচ্ছ, কিন্তু বেদে তোমাকেই বাক্য-মনের অতীত বলেছে।

''তবে বলতে পার, কোন কোন ভক্তের পক্ষে তিনি নিত্য সাকার। এমন জায়গা আছে, যেখানে বরফ গলে না, স্ফটিকের আকার ধারণ করে।...

''হাঁ, ঈশ্বর সাকার আবার নিরাকার, আবার সাকার-নিরাকারেরও পার। তাঁর ইতি করা যায় না।''

এ কেবল কথার কথা নয়। ঋষির অনন্য সত্যদর্শন সাধারণ সরল গ্রাম্য ভাষায় উপস্থাপিত করা হয়েছে। অসাধারণ রূপকজালের সূক্ষ্ম, ঐশ্বর্যময় সান্দ্র প্রয়োগের মধ্য দিয়া নিরলঙ্কার সত্যের অপূর্ব বর্ণনা! শ্রীরামকৃষ্ণের এই অপূর্ব শব্দচয়নের মধ্যে একদিকে আছে চূড়ান্ত সরলতা, অপরদিকে বিস্ময়কর বর্ণাঢ্যতা। উপনিষদের ভাষাও ঠিক এমনই। মন্ত্রদ্রষ্টা ঋষি যেমন সাধনের মাধ্যমেই ঐ ভাষা লাভ করেছিলেন, শ্রীরামকৃষ্ণও কি তাই করেছেন? সেখানে বাহ্য আড়ম্বরের স্থান নেই। ঋষি বললেনঃ

''নৈনমূর্ধ্বং ন তির্যঞ্চ ন মধ্যে পরিজগ্রভৎ।

ন তস্য প্রতিমাস্তি যস্য নাম মহদ্যশঃ।'' (শ্বেতাশ্বতর উপনিষদ্, ৪/১৯)

— শ্রীভগবানের মহিমার ইতি করা অন্যায়। ক্ষুদ্র মানুষবুদ্ধিতে ঈশ্বরের মহিমা কতটুকুই বা বোঝা যায়?

একসময় স্বামী বিবেকানন্দের উপলব্ধি বাঙ্ময়রূপ পরিগ্রহ করেছিল — ''অনন্ত জগৎপ্রপঞ্চকে যতই ভাগ করা হউক না কেন, তাহা অনন্তই থাকেএবং তাহার প্রত্যেক ভাগটিও অনন্তই।'' ('দেববাণী', ৭ জুলাই, রবিবার)

* * *

আসলে বেদান্তধর্মে সবই আছে — অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ এবং দ্বৈতবাদ। কিন্তু দেখতে পাওয়া যায়, দ্বৈতবাদী ধর্মসকলের বাহ্য আড়ম্বর কখনো কখনো ধর্মজীবনকে অন্তঃসারশূন্য করে তুলে। মহাপুরুষের মহনীয়তা তাঁর দিব্য অনুভবে। লক্ষ লক্ষ মানুষ তাঁকে মহাপুরুষ বলে প্রচার করলেও তাঁর যথার্থ ঈশ্বরানুভবই তাঁকে দিব্যলোকের যথার্থ পথযাত্রী করে তোলে; কোনপ্রকার অলৌকিকতার মাধ্যমে তা কখনো সম্ভব হয় না।

সেদিন অপরাহ্ণে রাজা হেরডের মনের বিপুল উদ্বেগের কোন বহিঃপ্রকাশ ঘটল না। স্মিতহাস্যে তিনি দূত প্রেরণ করলেন ঃ ''যাও, সেই অভূতপূর্ব নক্ষত্রকে অনুসরণ কর। খুঁজিয়া আন সেই সদ্যোজাত শিশুকে, আমি যাঁহার পাদবন্দনা করিব।'' কংসের জীবনেও অনুরূপ ঘটনাই দৃষ্ট হয়। রাজার নির্দেশে যুগদর্শী মহাপুরুষের একটি ক্ষুদ্র দল চলল গগনে আবির্ভূত অভূতপূর্ব একটি নক্ষত্রকে অনুসরণ করে। ক্ষুদ্র একটি গৃহের ঠিক ঊর্ধ্বে থামল সেই নক্ষত্র। প্রাজ্ঞব্যক্তিগণ নয়ন ভরে দেখলেন অপরূপ দিব্যজ্যোতিতে উদ্ভাসিত শিশু যিশুকে, মেরির অঙ্কে। তাঁরা কি জানতেন, এই শিশুই একদিন ঘোষণা করবে সেই সত্যকে — যে সত্য বেদান্ত-নির্ঘোষিত — যে -সত্য বস্তুজগৎ নয়, পরন্তু অনুভূতির ওপর প্রতিষ্ঠিত? এই শিশুই সদর্পে ডেকে বলবে ঃ "Blessed are the pure in heart, for they shall see God!" যাদের অন্তর গভীর পবিত্রতায় মণ্ডিত, তারা ধন্য; কারণ তারাই ঈশ্বরদর্শন করবে। প্রাজ্ঞগণ কি বুঝেছিলেন, এই শিশুর কণ্ঠেই ধ্বনিত হবে ঃ "Blessed are the peacemakers : for they shall be called children of God." — শান্তির বাণীবাহকগণই ধন্য, কারণ তারাই ইতিহাসে 'ঈশ্বরের সন্তান' বলে প্রসিদ্ধ হবে? সেই বিজ্ঞগণ রাজা হেরডের কাছে ফিরে যাননি। বিংশ ও একবিংশ শতাব্দীর এই যুগসন্ধিক্ষণে দাঁড়িয়ে পাশ্চাত্যের খ্রিস্টান ও ইসলামিক দেশগুলির নেতৃবৃন্দ বিশ্বশান্তি, বিশ্বমৈত্রী, বিশ্বভ্রাতৃত্বের কথা যতই সাড়ম্বরে উচ্চারণ করুক না কেন, যান্ত্রিকতার যন্ত্রণায় অস্থির মানুষকে আজ 'অনুভূতি'র কথা শোনাবার কেউ নেই। অনধিকারচর্চার দায় এড়াতে এই শব্দগুলির অর্থ কী তা জানতে চাইলেই তাঁরা অন্য কথা পাড়েন। তিন লক্ষ মানুষের কোন ধর্মীয় সমাবেশে এক ব্যক্তিকে 'দিব্যপুরুষ' বলে ঘোষণা করা হলেই সে ব্যক্তি 'দিব্যপুরুষ' হয়ে যায় না। যদি তা হয় বুঝতে হবে সেই ধর্মের মানুষ ধর্ম সম্পর্কে অজ্ঞ।

ভারতবর্ষ ধর্মের উৎসস্থল বলেই স্বামীজী ঘোষণা করলেন ঃ "A great moral obligation rests on the sons of India to fully equip themselves for the work of enlightening the world on the problems of human existence." —ভারতবর্ষের মহান সন্তানবর্গের ওপর যে বিশাল দায়ভার ন্যস্ত রয়েছে, তা হলো, সারা পৃথিবীকে অস্তিত্বের সঙ্কট থেকে মুক্তির পথ দেখাতে হবে তাদেরকেই। এর স্পষ্ট তাৎপর্য এই যে, সকল ধর্মের বিবদমান মানুষ ধর্মের যে-বহিরাংশ নিয়ে পরস্পর বিবাদ করছে, তা থেকে তাদের দৃষ্টি ধর্মের সারাংশের দিকে ফেরাতে হবে। এই সারাংশ আর কিছুই নয়, "Religion is realization"—যথার্থ ধর্ম 'অনুভূতি'র ওপর স্থাপিত। উপনিষদ্ তাই বারবার ঘোষণা করছেন ঃ 'অনুভূতিতেই মানুষের স্বাধিকার'—''জীবন্মুক্তিঃ সুখপ্রাপ্তি হেতবে জন্মধারিতম্''। সেই প্রেক্ষিতে বলতে পারি আমাদের অধিকার-সচেতনতাকে ভ্রান্ত পথে পরিচালিত করেছে আমাদের গণতান্ত্রিক চেতনা। এই গণতান্ত্রিকতা আমাদের জাগতিক সুখ-সমৃদ্ধি এনে দেয়, এ সত্য হলেও হতে পারে; কিন্তু তা কোনরূপ অনুভূতিতে মানুষকে প্রতিষ্ঠিত করতে পারেনি। আমরা সামান্যতম বিশ্লেষণ করলেই দেখতে পাব — আজ পৃথিবীর সভ্যসমাজ সম্পূর্ণ যন্ত্রবৎ হয়ে গিয়েছে। দয়া, অনুকম্পা, সহানুভূতি, হৃদয়ের উষ্ণতা ভারতবর্ষে এখনো কিছু কিছু পরিদৃষ্ট হলেও বিশ্বের অপর সকল দেশে এই শব্দগুলির বাস্তব প্রয়োগ নেই বলেই মনে হয়। অবশ্য একটি অনুভূতি সকলেরই হচ্ছে, যান্ত্রিক বিশ্বের যন্ত্রণাময় সেই অনুভূতি। সেই বেদনামুক্তির জন্যই কি সারা বিশ্ব ভারতবর্ষের দিকে চেয়ে আছে?

No great work can be achieved by humbug. It is through Love, a passion for Truth, and tremendous energy, that all undertakings are accomplished. – Therefore, manifest your manhood.

— Swami Vivekananda

# প্রতিমায় পূজা হয়, আর জীবন্ত মানুষে কি হয় না?


## স্বামী বিমলাত্মানন্দ

**(শ্রীরামকৃষ্ণ মঠ, বেলুড়মঠ)**


পুণ্যতোয়া ভাগীরথীর তীরে রাণী রাসমণি প্রতিষ্ঠিত দেবালয় — শ্রীরামকৃষ্ণের সাধনপীঠ দক্ষিণেশ্বর। শ্রীমা সারদাদেবীর নীরব তপস্যাক্ষেত্র নহবত। নরেন, শশী, শরৎ, মাষ্টার, গিরিশ, রাম, বলরাম, সুরেন প্রভৃতি যুবা-গৃহীভক্তদের আগমনে মুখরিত শ্রীরামকৃষ্ণের বাসগৃহ। ১৮৮৪ খ্রীষ্টাব্দে। ভগবৎ প্রসঙ্গের অফুরন্ত ফোয়ারা। ভক্তের দল মুগ্ধ শ্রীরামকৃষ্ণের বৈষ্ণবধর্মের ব্যাখ্যাঃ নামে রুচি, জীবে দয়া, বৈষ্ণব পূজন। সহসা সমাধিমগ্ন শ্রীরামকৃষ্ণ। অপরূপ তাঁর মুখমন্ডল — উজ্জ্বল জ্যোতির্ময় মুর্তি। অর্ধবাহ্যদশাপ্রাপ্ত শ্রীরামকৃষ্ণের অস্ফুট শব্দধ্বনিঃ জীবে দয়া, জীবে দয়া! কীটাণুকীট সব — দয়া নয়, দয়া নয় — শিবজ্ঞানে জীবসেবা।

ভক্তের দল মুগ্ধ-স্তম্ভিত — ভাবের বন্যায় আলোলিত-দুলিত। ব্যতিক্রম একমাত্র তখনকার নরেন্দ্রনাথ, এখনকার স্বামী বিবেকানন্দ। প্রাচ্য-পাশ্চাত্য দর্শনে মথিত অদ্বৈত বেদান্ত-মন্ত্রে মন্ত্রিতনরেন্দ্রনাথের অন্তরে উদ্ভাসিত চরম সত্য, হৃদয়কন্দরে উত্থিত নবীন আলোর আলোকমালা, পদ্মপলাশ নয়নে দিব্যদৃষ্টির দ্যুতি। অর্ধগোলাকার বারান্দায় নরেন্দ্রনাথ ও শরৎ আলাপে মত্ত। উদ্বেলিত নরেন্দ্রনাথের অন্তর-অনুভবঃ ঠাকুরের কি গভীর বাক্য-ব্যঞ্জনা! শুষ্ক, নীরস অদ্বৈত বেদান্ত এত সরস, সজীব—আজ মম বোধগম্য। বেদান্তবাণী বদ্ধ অরণ্যে-গিরি-গুহা-কন্দরে। এ বেদান্ত তত্ত্ব প্রয়োগ হোক সমাজে, মানবজীবনের দৈনন্দিন জীবনচর্যায়। একমাত্র মনুষ্যজীবনে প্রস্ফুটিত ভক্তি, জ্ঞান, যোগ ও কর্মের সমন্বয়— ঠাকুরের অতুলনীয় ব্যাখায় সম্ভব। এ অপূর্ব তত্ত্বের প্রচারের ভার আমার। ঠাকুরের কৃপায় সেইদিন আগতপ্রায়। এ বেদান্তমহিমা প্রচারিত-প্রসারিত হোক পল্লীতে, শহরে, নগরে, দেশে,বিদেশে। বেদান্ত-আলোয় আলোকিত হোক গরীব-ধনী, মুর্খ-পণ্ডিত, অজ্ঞানী-জ্ঞানী,চণ্ডাল-চামার, কামার, জেলে-ডোম, হাড়ি-মুদ্দাফরাস, ভুনাওয়ালা। এই আমার ব্রত। ঠাকুর নিশ্চয় সহায়।

রামকৃষ্ণ মিশনের সেবাকর্মের জন্ম দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণের ঘরেই। জন্মদাতা স্বয়ং শ্রীরামকৃষ্ণ। রামকৃষ্ণ মিশনের সেবাতত্ত্বের সুত্রকার শ্রীরামকৃষ্ণ, আর ভাষ্যকার স্বামী বিবেকানন্দ। শ্রীরামকৃষ্ণের সূত্র ঃ 'প্রতিমায় পূজা হয়, আর জীয়ন্ত মানুষে কি হয় না?' 'পাশের লোকের বাড়িতে খেতে পায় না—নিজের মেয়ের বিয়েতে এক কাঁড়ি টাকা খরচা।' এখন দেখছি, তিনিই এক এক রূপে বেড়াচ্ছেন। কখন সাধুরূপে, কখন ছলরূপে — কোথাও বা খলরূপে। তাই বলি, সাধুরূপ নারায়ণ, ছলরূপ নারায়ণ, খলরূপ নারায়ণ, লুচ্চরূপ নারায়ণ।'

জীয়ন্ত মানুষের সেবা শিবপূজা, ঈশ্বর আরাধনা! জীয়ন্ত মানুষের মধ্যে নারায়ণ দর্শন, ভগবৎ দর্শন, ব্রহ্মদর্শনই সর্বশ্রেষ্ঠ সাধনা-সিদ্ধি। বেদ-উপনিষদ-গীতা—সর্ব শাস্ত্রের মর্মার্থ মানুষের মধ্যে ঈশ্বর দর্শন, ব্রহ্মদর্শন, শিব দর্শন, চরম সত্য দর্শন। ঈশ্বরের উদ্দেশ্যে নিবেদিত ফল, ফুল, নৈবেদ্য প্রভৃতি রূপান্তরিত শিক্ষায়, চিকিৎসায়, অন্নদানে, বস্ত্রদানে, আর্থিক উন্নয়নে। জীয়ন্ত মানুষের প্রয়োজন আধ্যাত্মিক, বৌদ্ধিক, নৈতিক, অর্থনৈতিক সুসমন্বয়ের উত্থান। বিবেকানন্দের প্রাঞ্জলভাষ্য তাঁর কথায়, লেখনে, পত্রে, আলাপ-চারিতায় অকুতোভয়ে, সোচ্চারে উদাত্তকণ্ঠে, চোখা চোখা শব্দ-নিচয়ে।

শ্রীরামকৃষ্ণ নিজেই জীয়ন্ত মানুষ-সেবার উজ্জ্বল দৃষ্টান্ত। দক্ষিণেশ্বরে চব্বিশ ঘন্টার মধ্যে কুড়ি ঘন্টাই ভক্তদের জ্ঞানচক্ষু উন্মীলনে তাঁর প্রয়াস নয় কি? দেওঘরে নিরন্ন, বস্ত্রহীন, দুঃখী, গরীব সাঁওতালদের সেবাই তাঁর কাছে শ্রেয়—পবিত্র কাশীধাম গমন গৌণ। তাঁর রসদ্দার মথুরবাবু এই অনড় সিদ্ধান্তের ভাগী। কলাইঘাটায় মথুরের দুঃখী প্রজাদের দুঃখে দুঃখী শ্রীরামকৃষ্ণের কথায় মথুরের খাজনা মকুব করা, এ তো জীয়ন্ত মানুষ সেবার পরম দৃষ্টান্ত। রাখালের দেশের (শ্রীরামকৃষ্ণ-মানসপুত্র স্বামী ব্রহ্মানন্দ মহারাজের জন্মস্থান উত্তর চব্বিশ পরগণার শিকড়া-কুলীনগ্রাম) মানুষের জলকষ্ট নিবারণের জন্য ব্রাহ্মভক্ত মণি মল্লিককে কুয়ো খননের অনুরোধ — এও আর এক দৃষ্টান্ত শ্রীরামকৃষ্ণের জীয়ন্ত মানুষকে সেবা করার। শ্রীরামকৃষ্ণের সমগ্র জীবনই জীয়ন্ত মানুষের সেবা - খনি—ভিন্ন রূপে, ভিন্ন সময়ে, ভিন্ন ভাবে, ভিন্ন অবস্থায়।

সঙ্ঘজননী শ্রীমা সারদাদেবী রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষের সেবার প্রধান হোতা। জীয়ন্ত মানুষের সেবারত শ্রীশ্রীমায়ের বিচিত্র সেবাদৃশ্য—জয়রামবাটিতে দুর্ভিক্ষ-পীড়িত মানুষের জন্য পাখার হাওয়া করা থেকে সংসার স্বজন, আত্মীয়, প্রতিবেশী, ভক্ত, শিষ্য-শিষ্যাদের চোখ জুড়ানো সেবা কত ভাবে, কত রকমের, তার নেই কোন ইয়ত্তা। শ্রীশ্রীমা-ই শ্রীরামকৃষ্ণের 'হাতের যন্ত্র' নরেন্দ্রনাথের নরনারায়ণ সেবার প্রথম পূর্ণ - সমর্থক। তাঁর কথাই শেষ কথা। তাঁর সুস্পষ্ট সেবাতত্ত্ব-ব্যাখ্যানে বিবেকানন্দের সন্ন্যাসী ও গৃহী গুরুভাই থেকে প্রথম প্রজন্মের (সন্ন্যাসী-দল) সংশয়মুক্ত। তাঁর সাফ কথাঃ যাঁরা অনিচ্ছুক তারা যাক চলে। আর যারা ইচ্ছুক তারা থাকুক সঙ্ঘে। শ্রীশ্রীমা-ই রামকৃষ্ণ মিশনের প্রথম বালিকা বিদ্যালয়ের উদ্বোধক। রামকৃষ্ণ মিশনের রিলিফের কাজে তাঁর পরমগভীর সহানুভূতি সর্বজনবিদিত। রামকৃষ্ণ মিশনের কেন্দ্রে কেন্দ্রে তাঁর শুভাগমনে জীয়ন্ত মানুষের সেবাদল পরম উৎসাহিত।

স্বামী বিবেকানন্দের সমগ্র জীবন জীয়ন্ত মানুষের সেবার জয়গানে মুখরিত, বন্দিত। তাঁর নির্দেশে জীয়ন্ত মানুষের জন্য সেবা-ডালি নিয়ে দ্বারে দ্বারে উপস্থিত তাঁর গুরুভাইরা, তাঁর শিষ্যেরা, তাঁর গুণগ্রাহীরা। তাঁর সেবাতত্ত্বের প্রথম সেবক তাঁর গুরুভাই স্বামী অখণ্ডানন্দ মহারাজ। উত্তরবঙ্গের মুর্শিদাবাদ জেলার অখ্যাত-অজ পাড়াগাঁ মহুলা-সারগাছি অঞ্চলের জীয়ন্ত মানুষের সেবার জন্য তাঁর বিন্দু বিন্দু রক্তদান আজ ইতিহাস। একদা ভ্রমণ-পিপাসু অখণ্ডানন্দ মহারাজ ভ্রমণ স্পৃহা পরিত্যাগ করে জীবনের শেষ সুদীর্ঘ সাঁইত্রিশ বছরের কঠোর তপস্যাসূত সেবা-জীবন আমাদের অনুপ্রেরণার কেন্দ্র; সদাসমাধিবান সঙ্ঘপ্রধান স্বামী ব্রহ্মানন্দ মহারাজের নেতৃত্বে জীয়ন্ত মানুষের সেবাচক্র সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত — তাঁর কর্মযজ্ঞের উদাহরণ একদা জঙ্গলপূর্ণ ভুবনেশ্বরে মঠস্থাপন; বেদান্তের প্রতিমূর্তি স্বামী তুরীয়ানন্দ মহারাজের কঠোর পরিশ্রমে হিমালয়ের কোলে আলমোড়ায় আশ্রম প্রতিস্থাপন; সুপ্ত ব্রহ্মজ্ঞানী স্বামী বিজ্ঞানানন্দ মহারাজের তীর্থরাজ প্রয়াগে (মুঠিগঞ্জে) মঠ স্থাপন, যোগীবর স্বামী অভেদানন্দ মহারাজ ও কর্মবীর স্বামী ত্রিগুণাতীতানন্দ মহারাজ পাশ্চাত্যে বেদান্ত-প্রচারে জীবনদাতা, বাসুকিসম স্বামী সারদানন্দ মহারাজ রামকৃষ্ণ মিশনের সেবা-পৃথ্বীর ধারক-বাহক; প্রেমময় স্বামী প্রেমানন্দ মহারাজের জীবন ভক্তসেবায় উৎসর্গীকৃত; সদাশিব স্বামী শিবানন্দ মহারাজের সজাগ-প্রখর দৃষ্টি কেন্দ্রে-কেন্দ্রে সেবাযজ্ঞের সুষ্ঠু পরিচালনার উপর; কর্মযোগী স্বামী অদ্বৈতানন্দ মহারাজ সব্জি বাগানে খেটে খেটে সারা; নির্ভীক স্বামী নিরঞ্জনানন্দ মহারাজের অনুপ্রেরণায় কাশী সেবাশ্রমের শুভারম্ভ; শ্রীরামকৃষ্ণ-সেবক স্বামী রামকৃষ্ণানন্দ মহারাজ সমগ্র দক্ষিণ ভারতের দিকপাল; স্পষ্টবাদী স্বামী যোগানন্দ

মহারাজ ও সদাহাস্যময় স্বামী সুবোধানন্দ মহারাজ সেবার পরম উৎসাহকর্মী; শ্রীরামকৃষ্ণের 'নেটো' স্বামী অদ্ভুতানন্দ মহারাজ সেবাতত্ত্ব প্রয়োগের পরম উৎসাহ-দাতা; শ্রীরামকৃষ্ণের গৃহী শিষ্যবৃন্দ — বলরাম, সুরেন, গিরিশ, মাষ্টার মহাশয়, কালীপদ প্রভৃতিদের নীরব আর্থিক সহায়তা — এসবই বিস্ময়কর কার্যাবলী, রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষ সেবার দৃঢ় ভিত।

রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষের সেবাযজ্ঞে বিবেকানন্দের আহুতি প্রদান তাঁর বিদেশী শিষ্য-শিষ্যাদেরঃ ক্যাপ্টেন সেভিয়ার ও মিসেস সেভিয়ারের জীবনপাত মায়াবতীতে অদ্বৈত আশ্রম স্থাপনে; সিস্টার নিবেদিতা ও সিস্টার কৃষ্টিনের রক্তদান বাগবাজারে বালিকা বিদ্যালয়ের (বর্তমান সিস্টার নিবেদিতা গার্লস স্কুল) উন্নতি সাধনে; মিস জোসেফাইন ম্যাকলাউডের দিনভোর চিন্তা বিবেকানন্দের ভারত-কল্যাণে, মিসেস সারাবুল ও মিসেস লেগেটের আর্থিক সহায়তা সেবাযজ্ঞে; গুডউইনের মৃত্যুবরণ বিবেকবাণী সংরক্ষণে; মিস ইডা ইন্‌সেল মিসেস হন্‌সবরো প্রভৃতিদের বেদান্ত-পতাকা উড্ডয়ন পাশ্চাত্য দেশে— অগুনতি উজ্জ্বল জীবনদান-ব্রতধারী বিবেকানন্দের পাশ্চাত্য শিষ্য-শিষ্যার দল সেবা-ইমারতের ইটের আদি গাঁথনি।

বিবেকানন্দের সন্ন্যাসী-শিষ্যবৃন্দ রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষের সেবাকার্য-ভিতের উপর একের পর এক ইমারত গঠন আজও লোকচক্ষুর অন্তরালে — বর্তমান প্রজন্মের ইতিহাসবিদ্রা যথাসময়ে করবেন উন্মোচিতঃ স্বামী সদানন্দজীর জীবন-মৃত্যু তুচ্ছ করে কলকাতার প্লেগ সেবাকার্য বিস্ময়ের বিস্ময়; স্বামী স্বরূপানন্দজী, স্বামী বিরজানন্দজী, স্বামী বিমলানন্দজী অবিশ্বাস্য কঠোর পরিশ্রম-মননে মায়াবতীর জঙ্গলে ইংরাজী মাসিক পত্রিকা 'প্রবুদ্ধ ভারত' এবং বিবেকানন্দ জীবনী ও বাণীর প্রকাশনায় আজ অদ্বৈত আশ্রম প্রকাশনা বিভাগ সমুজ্জ্বল; স্বামী শুভানন্দজী ও স্বামী অচলানন্দজীর অবিচল নিষ্ঠা ও অনুপম তিতিক্ষায় কাশী সেবাশ্রম আজ শতবর্ষের বিশাল মহীরুহ; স্বামী কল্যাণানন্দজী ও স্বামী নিশ্চয়ানন্দজীর অকল্পনীয় ত্যাগ-তপস্যায় শতবর্ষের কনখল সেবাশ্রমে আজ 'ভাঙ্গীসাধু' অপবাদের পরিবর্তে 'বেদান্তী-সাধু' রূপে উত্তরাখণ্ডের মহামণ্ডলেশ্বর ও মণ্ডলেশ্বরদের প্রকাশ্য-জয়গান; স্বামী শুদ্ধানন্দজী বাংলা মাসিক পত্রিকা 'উদ্বোধন'-এর সার্থক উত্তরসূরী এবং প্রশাসনে স্বামী সারদানন্দ মহারাজের সুযোগ্য সহকারী; ঢাকা, বাঙ্গালোর মঠে, স্বামী আত্মানন্দজীর নিরভিমানী-আদর্শবাদী প্রশাসকরূপে দৃষ্টান্তকারী; স্বামী প্রকাশানন্দজী, স্বামী বোধানন্দজী, স্বামী পরমানন্দজীর আমেরিকায় মৃত্যুবরণ বেদান্ত প্রচারে — এইসব আশ্চর্যময় ইমারত গঠনকারীরা আমাদের পূর্বসুরী, আমাদের পথিকৃৎ।

সেই ঐতিহ্য আজও প্রবাহমান— প্রজন্মের পর প্রজন্মের সন্ন্যাসী-ব্রহ্মচারী ভক্তদের জীয়ন্ত মানুষের সেবা-ইমারত উত্তরোত্তর বর্দ্ধিত, সমাজবিজ্ঞান-ইতিহাসে স্বীকৃত, দেশনায়কদের বন্দনায় বন্দিত, সমকালীন পত্র-পত্রিকায় প্রতিক্রিয়ায়িত, আপামর জনসাধারণের প্রশংসায় প্রশংসিত। বাধা-প্রদানে, কুৎসা রটনায়, ভয় প্রদর্শনে— সব কিছুতেই অচল অটল রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষের সেবাকার্য।

রামকৃষ্ণ মিশনের সেবাকেন্দ্রের নাম আশ্রম বা সেবাশ্রম বা মিশন — আরো অধিকতর উপযুক্ত নাম 'সেবামন্দির'। এই সেবামন্দিরে পূজিত হচ্ছেন জীয়ন্ত মানুষ। এখানে পূজ্যঃ ছোট ছেলে-মেয়েরা, ছাত্র-ছাত্রীরা, দুঃস্থ নর-নারীরা, প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্থ নর-নারীরা, রোগাক্রান্তেরা, জ্ঞান-পিপাসুরা, অধ্যাত্ম-পিপাসুরা।

পূজার ডালি ঃ বই, খাতা, কলম, অন্ন, বস্ত্র, খাদ্য-সামগ্রী, ওষুধপত্র, চিকিৎসা, খিচুড়ি রান্নার সামগ্রী, বাড়ি তৈরী করার জিনিসপত্র, গ্রন্থাগারের বই ও পত্র- পত্রিকা, ধর্মীয় পুস্তক, দীক্ষাদান প্রভৃতি। পূজক ঃ সন্ন্যাসী, ব্রহ্মচারী ও ভক্তবৃন্দ।

রামকৃষ্ণ মিশনের সেবামন্দির — এক একটি তপস্যাদীপ্ত ইতিহাস, ত্যাগমণ্ডিত ইতিহাস। সেবামন্দিরের শুভারম্ভ অতি দীনভাবে, অতি সামান্যভাবে — ছোট্ট হোমিওপ্যাথি বাক্স, রিলিফ, ছোট্ট গ্রন্থাগার, ছোট্ট ছাত্রাবাস, ছোট্ট-পাঠচক্র, ছোট্ট কুঁড়েঘর। সেই ছোট্ট সেবামন্দির ক্রমশঃ রূপান্তরিত বৃহৎ হতে বৃহত্তর-বৃহত্তম। ভক্তদের-সন্ন্যাসীদের কঠোর তপস্যা, পরিশ্রম, তিতিক্ষা, অধ্যবসায়, ধৈর্য্যের ফসল এইসব সেবামন্দির। তাঁদের বিন্দু বিন্দু রক্ত মোক্ষণের ইতিহাস এই সেবামন্দির। শত ত্রুটি-বিচ্যুতি, বাধা-বিপত্তি সত্ত্বেও রামকৃষ্ণ মিশনের এইসব সেবা-মন্দিরের অগ্রগতি কিন্তু আজও ক্রমবর্ধমান।

রামকৃষ্ণ মিশনের জীয়ন্ত মানুষের সেবাকার্য শতবর্ষের অধিক। যে সেবাকার্য বা সেবাতত্ত্ব একদা ভারতের সাধু-সমাজে নিন্দিত, গোঁড়া পণ্ডিত-শাস্ত্রবিদ্‌দের বিচার-দৃষ্টিতে অপাংক্তেয়, একশ্রেণীর মানুষের চোখে সন্দেহবাণে বিদ্ধ—সেই জীয়ন্ত মানুষের সেবাকার্য বর্তমান যুগে সর্বদেশের সমাজের সর্বস্তরের মানুষের কাছে নতুন দিশার আলো, মানুষের জীবনের ধ্রুবতারা, মানুষের জীবনের বাঁচার পথ, মানুষের আধ্যাত্মলাভের একমাত্র দর্শন। সোরোকিনের মত সমাজবিদ্‌দের অর্নল্ড টয়েন্বীর মত ইতিহাস-বিদদের, ইশারউডের মত সাহিত্যিকদের, হেনরী জিমারের মত দার্শনিকদের, রোমাঁ রোলার মত মণীষীদের, গান্ধীজী-নেতাজীর মত দেশনায়কদের সকলের নিকট আহ্বান জীয়ন্ত মানুষের সেবায় অংশগ্রহণ করতে। আসুন, আমরা জীয়ন্ত মানুষের সেবায় নিজেদের নিয়োজিত করে ধন্য হই।

> First, let us be Gods, and then help others to be Gods. "Be and make." Let this be our motto. Say not man is a sinner. Tell this be our motto. Say not man is a sinner. Tell him that he is a God.
>
> — Swami Vivekananda

# স্বামী বিবেকানন্দের দৃষ্টিতে যুক্তিবাদ ও আধ্যাত্মিকতা

স্বামী ঋতানন্দ

সম্পাদক, 'উদ্বোধন'

উনবিংশ শতকের ভারতবর্ষের রেনেসাঁসের অন্যতম প্রতিভূ স্বামী বিবেকানন্দ। রেনেসাঁসের তিনটি সর্বজনীন বৈশিষ্ট্য হল ঃ যুক্তিবাদ, বিজ্ঞানমনস্কতা ও উদারতা। বাস্তবিক এই বিশিষ্টতার ভিত্তিস্বরূপ ছিল স্বামী বিবেকানন্দের জীবন। তাঁর বাণী ও জীবনের মধ্যে উক্ত তিনটি বিশেষত্ব যেন ওতপ্রোত ছিল।

স্বামী বিবেকানন্দ বলেছেন, ''জগতের সকলেরই বেদান্তের চর্চা করা কেন উচিত, তার প্রথম কারণ — বেদান্তই, একমাত্র সার্বভৌম ধর্ম। দ্বিতীয় কারণ — জগতে যত শাস্ত্র আছে, তার মধ্যে কেবল এর উপদেশাবলীর সঙ্গে বহিঃপ্রকৃতির বৈজ্ঞানিক অনুসন্ধানে যে ফল লব্ধ হয়েছে, তার সম্পূর্ণ সামঞ্জস্য আছে। ... তৃতীয় কারণ — এর অদ্ভুত যুক্তিসিদ্ধতা।'' (১)

জড়বিজ্ঞানের প্রশ্নাতীত উত্থানের সমকালেই বিবেকানন্দের পাশ্চাত্যে গমন এবং বেদান্তের তত্ত্বসমূহকে আলোচনা করা। বেদান্তের তত্ত্ব তাঁর মতে 'the Science of the Soul'—আত্মার বিজ্ঞান বা আত্মবিজ্ঞান। বিজ্ঞানের যেখানে জয় জয়কার সেই লন্ডনে বিজ্ঞানীদের মধ্যে তাঁর জ্ঞানযোগ আলোচনায় স্বামীজী বিজ্ঞানীদের রক্ষণশীলতা (Scientific orthodoxy) সম্পর্কে বলেন ঃ টিন্ডেল, হাক্সলী অথবা ডারউইন যা-ই বলুক মানুষে তা নির্বিচারে গ্রহণ করে থাকে। তিনি বলেন ঃ''ইউরোপের মুক্তি এখন এই যুক্তিমূলক ধর্ম—অদ্বৈতবাদের উপর নির্ভর করছে, আর একমাত্র এই অদ্বৈতবাদই, ব্রহ্মের এই নির্গুণ ভাবই পন্ডিতদের উপর প্রভাব বিস্তার করতে সমর্থ।'' (২)

অন্যত্র স্বামীজী বলেছেন ঃ ''আমরা এখন চাই এই (শঙ্করের) প্রখর জ্ঞানের সহিত বুদ্ধদেবের হৃদয় — এই অদ্ভুত প্রেম ও করুণা সম্মিলিত হোক। খুব উচ্চ দার্শনিক ভাবও তাতে থাকুক, তা যুক্তিমূলক হোক। আবার সঙ্গে সঙ্গে যেন তাতে হৃদয়, গভীর প্রেম ও করুণার যোগ থাকে। তবেই মণিকাঞ্চন যোগ হবে। তবেই বিজ্ঞান ও ধর্ম পরস্পরকে কোলাকুলি করবে। এইটিই ভবিষ্যতের ধর্ম হবে। আর যদি আমরা সেটি ঠিক ঠিক গড়ে তুলতে পারি, তাহলে নিশ্চয় বলা যেতে পারে, সেটি সর্বকালে ও সর্বাবস্থার উপযোগী হবে। ... আধুনিক বিজ্ঞানকে এই পথেই আসতে হবে — এখনই প্রায় এই পথে এসে পড়েছে। যখন কোন শ্রেষ্ঠ বিজ্ঞানাচার্য বলেন, সবই সেই এক শক্তির বিকাশ, তখন কি আপনাদের মনে হয় না যে তিনি উপনিষদুক্ত ব্রহ্মেরই মহিমা কীর্তন করছেন ? — 'অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ।।'

(কঠোপনিষদ্ ২.২.৯)

আমাদের অর্পণ

যেমন, অগ্নি জগতে প্রবিষ্ট হয়ে নানারূপে প্রকাশিত হচ্ছে, তদ্রুপ সেই সর্বভূতের অন্তরাত্মা এক ব্রহ্ম নানারূপে প্রকাশিত হচ্ছেন, আবার তিনি জগতের বাইরেও আছেন। বিজ্ঞানের গতি কোন্ দিকে তা কি আপনারা বুঝছেন না? হিন্দুজাতি মনস্তত্ত্বের আলোচনা করতে করতে দর্শনের ভিতর দিয়ে অগ্রসর হয়েছিলেন। ইওরোপীয় জাতি বাহ্য প্রকৃতি আলোচনা করতে করতে অগ্রসর হয়েছিলেন। এখন উভয়ে একস্থানে পৌঁছাচ্ছেন। মনস্তত্ত্বের ভিতর দিয়ে আমরা সেই এক অনন্ত সার্বভৌম সত্তায় পৌঁছাচ্ছি — যিনি সকল বস্তুর অন্তরাত্মা, যিনি সকলের সার ও সকল বস্তুর সত্যস্বরূপ, যিনি নিত্যমুক্ত, নিত্যানন্দময় ও নিত্যসত্তাস্বরূপ। জড়বিজ্ঞানের দ্বারাও আমরা সেই একই তত্ত্বে পৌঁছাচ্ছি। এই জগৎপ্রপঞ্চ সেই একেরই বিকাশ — জগতের যা কিছু আছে তিনি সেই সকলেরই সমষ্টিস্বরূপ। আর সমগ্র মানবজাতিই মুক্তির দিকে অগ্রসর হচ্ছে, তাদের গতি কখনই বন্ধনের দিতে হতে পারে না। মানুষ নীতিপরায়ণ হবে কেন? কারণ নীতিই মুক্তির এবং দুর্নীতিই বন্ধনের পথ।'' (৩)

আমরা জানি, যুক্তিবাদ মানে কার্যকরণ শৃঙ্খলা ও প্রকৃতির একরূপতা-অনুসন্ধান। স্বামীজী বলেছেন — একটি শিশুকেও বেদান্ত শেখানো যেতে পারে — এটি তাঁর জীবনব্রত। সৃষ্টির মূলে রয়েছে একত্ব। এই একত্ব থেকেই বৈচিত্রের বিভাজন। ব্যষ্টি থেকে সমষ্টি। বিশেষ থেকে সামান্যীকরণ। অনুলোম থেকে বিলোম— সবই সেই একত্বের আভাস বা ইঙ্গিত। যেখানে একত্ব আবিষ্কৃত হয়েছে সেখানে দর্শনের কূটবিচারের করণ — জ্ঞান, জ্ঞাতা ও জ্ঞেয় এবং প্রমাণ, প্রমাতা ও প্রমেয়র অবলোপ। বেদান্ত যে ছয়টি প্রমাণকে স্বীকার করে তা হল —প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ (শাস্ত্র), অর্থাপপত্তি ও অনুপলব্ধি। শব্দ বা শাস্ত্র ব্যতিরেকে অন্য পাঁচটি প্রমাণই লৌকিক বা জাগতিক বিষয়ের প্রমাণ। ভারতবর্ষই সর্বপ্রথম আবিষ্কার করে যে লৌকিক বিষয় ছাড়াও অলৌকিক বিষয় আছে এবং তার প্রমাণের মাপকাঠি শব্দ বা শাস্ত্র। এই তত্ত্বের আবিষ্কার ও স্বীকৃতি অত্যন্ত যুক্তিপূর্ণ।

বৈদিক ঋষিদের বিশ্লেষণী মনোভাব ছিল। হিন্দুজাতির অনুসন্ধিৎসা জগৎ সৃষ্টির পিছনে যুক্তিবাদী কারণকে খুঁজে পেয়েছে। 'নাসতো সৎ জায়তে'— অসৎ থেকে সৎ জন্মাতে পারে না — অভাব থেকে ভাবের সৃষ্টি অসম্ভব। এই অনুসন্ধিৎসা জন্ম দিল 'সাহসী এক বিশ্লেষণী মনোভাবকে' এবং সেটিই উন্নীত হল যথার্থ এক বিজ্ঞানে। 'ভারতের ঐতিহাসিক ক্রমবিকাশ' প্রবন্ধে স্বামীজী দেখিয়েছেন যে যুক্তিবাদী বেদান্তী জগৎসৃষ্টি কর্তা ভগবানকে পর্যন্ত বিসর্জন দিয়ে আত্মপ্রকাশক এক শক্তিকেই জগৎ সৃষ্টির পিছনে কারণরূপে খুঁজে পেয়েছেন। স্বামীজীর ভাষায় ঃ '' এই বিশ্লেষণশক্তি এবং নির্ভীক কবিকল্পনা, যা ঐ শক্তিকে প্রেরণা দিত — এই দুটি অভ্যন্তরীণ কারণই হিন্দুর জাতীয় চরিত্রের প্রধান সুর, ঐ দুটি সমন্বিত শক্তির বলেই আর্যজাতি চিরদিন ইন্দ্রিয়-স্তর থেকে অতীন্দ্রিয় স্তরের দিকে গতিশীল এবং এটি এই জাতির দার্শনিক চিন্তাধারার গোপন রহস্য।'' (৪)

স্বামী বিবেকানন্দ যেহেতু দর্শনের সব মত-পথের মধ্যে সত্যকে খুঁজে পেয়েছেন তাই তিনি একদিকে যেমন নির্গুণ -নিরাকার জগদতীত ব্রহ্মাসত্তাকে স্বীকার করেছেন আবার সর্বানুস্যূত ব্রহ্মকে সগুণ-

সাকাররূপেও স্বীকার করেছেন। কিন্তু এই বৈচিত্র্য-বিভাজন একই সত্যের এপিঠ-ওপিঠ। জীব ও জগতের উপাদান কারণ ও নিমিত্ত কারণ পৃথক দুটি বস্তু নয় — এক ব্রহ্মই। যেমন উপনিষদে বলা হয়েছে ঃ

যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্ণতে চ
যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।
যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি
তথাহক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্।।(মুন্ডক, ১.১.৭)

অর্থাৎ মাকড়সা যেরূপ নিজ শরীর থেকে সূতা উৎপাদন করে ও আত্মসাৎ করে, পৃথিবীতে যেমন ওষধিসমূহ জাত হয় এবং সজীব পুরুষ শরীর থেকে (বিজাতীয়) কেশ ও লোমসমূহ নির্গত হয়, সেরকম অক্ষর থেকে এই সংসার মন্ডলে নিখিলবস্তু উৎপন্ন হয়।

স্বামীজীর মতে, আচার্য শঙ্করই প্রথম দেশ-কাল নিমিত্তকে মায়ার সঙ্গে অভিন্ন বলে বর্ণনা করেছেন।(৫)

সর্বজনীন নীতিই হল সত্য। তাতে কারোরই একচেটিয়া অধিকার নেই। স্বামীজীর মতে নিউটন, গ্যালেলিও যেমন পদার্থ বিজ্ঞানের ঋষি ছিলেন, অবতার পুরুষগণও তেমনি অধ্যাত্মবিজ্ঞানের ঋষি।'' (৬)

স্বামীজী লিখেছেন ঃ ''প্রশ্ন হল — ..... অন্যান্য বিজ্ঞানগুলির প্রত্যেকটিই যুক্তির যে-সকল আবিষ্কারের সহায়তায় নিজেদের সমর্থন করছে, ধর্মকেও কি আত্ম সমর্থনের জন্য সেগুলির সাহায্য নিতে হবে? বহির্জগতে বিজ্ঞান ও জ্ঞানের ক্ষেত্রে তত্ত্বানুসন্ধানের যে পদ্ধতিগুলি অবলম্বিত হয়, ধর্মবিজ্ঞানের ক্ষেত্রেও কি সেই একই পদ্ধতি অবলম্বিত হবে? আমার মতে তা-ই হওয়া উচিত। আমি এ-ও মনে করি, যত শীঘ্র তা হয়, ততই মঙ্গল। এরূপ অনুসন্ধানের ফলে কোন ধর্ম যদি বিনষ্ট হয়ে যায়, তা হলে বুঝতে হবে — সেই ধর্ম বরাবরই অনাবশ্যক কুসংস্কার মাত্র ছিল; যত শীঘ্র তা লোপ পায়, ততই মঙ্গল। আমার দৃঢ় বিশ্বাস সেটির বিনাশেই সর্বাধিক কল্যাণ। এই অনুসন্ধানের ফলে ধর্মের ভিতর যা-কিছু খাদ আছে, সে-সবই দূরীভূত হবে নিঃসন্দেহে, কিন্তু ধর্মের যা সারভাগ, তা এই অনুসন্ধানের ফলে বিজয়-গৌরবে মাথা তুলে দাঁড়াবে। পদার্থবিদ্যা বা রসায়ণের সিদ্ধান্তগুলি যতখানি বিজ্ঞানসম্মত, ধর্ম যে অন্ততঃ ততখানি বিজ্ঞানসম্মত হবে শুধু তাই নয়, বরং আরও বেশী জোরালো হবে; কারণ জড়বিজ্ঞানের সত্যগুলির পক্ষে সাক্ষ্য দেওয়ার মতো অভ্যন্তরীণ আদেশ বা নির্দেশ কিছু নেই, কিন্তু ধর্মের তা আছে।''

''যে সব ব্যক্তি ধর্ম সম্বন্ধে কোন যুক্তিসম্মত তত্ত্বানুসন্ধানের উপযোগিতা অস্বীকার করেন, আমার মনে হয়, তাঁরা যেন কতকটা স্ববিরোধী কাজ করে থাকেন।... (পরস্পর বিবদমান দুই ধর্মের) মীমাংসা হবে কিভাবে? গ্রন্থের দ্বারা নিশ্চয়ই নয়, কারণ পরস্পর বিবদমান গ্রন্থগুলি বিচারক হতে পারে না। কাজেই এ কথা আমাদের স্বীকার করতেই হবে যে, এই-সব গ্রন্থ অপেক্ষা অধিকতর বিশ্বজনীন কিছু একটা আছে। একটা কিছু আছে, যা জগতে যত নীতিশাস্ত্র আছে, সেগুলি অপেক্ষা উচ্চতর; একটা কিছু আছে, যা বিভিন্ন জাতির

অনুপ্রেরণা শক্তিগুলিকে পরস্পর তুলনা করে বিচার করে দেখতে পারে। আমরা দৃঢ়ভাবে প্রকাশ করি আর নাই করি, পরিস্কার বোঝা যাচ্ছে যে, বিচারের জন্য আবেদন নিয়ে আমরা যুক্তির দ্বারস্থ হই।" (৭)

স্বামীজীর মতে যুক্তির প্রথম নিয়ম হল — বিশেষ (Particular) সামান্যের (General) মাধ্যমে এবং সামান্য সর্বজনিন (Universal) মাধ্যমে ব্যাখ্যাত হয়। মুন্ডকোপনিষদে আমরা পাই গৃহস্থাগ্রণী শৌনক যথাশাস্ত্র অঙ্গিরার কাছে উপস্থিত হয়ে জিজ্ঞাসা করেছিলেন ঃ "কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্বমিদং বিজ্ঞাতং ভবতীতি" — অর্থাৎ, হে ভগবন্, কোন্ বস্তুটি সুবিদিত হলে এ সমস্তই বিজ্ঞাত হয়?

দ্বিতীয় নিয়ম হল — ব্যাখ্যাটি বস্তু বা তত্ত্বের ভেতর থেকে আসবে বাইরে থেকে নয়।

স্বামী বিবেকানন্দের ভাষায় ঃ " কোন পদার্থবিদের বা অন্য কোন বৈজ্ঞানিকের কাছেও তাঁদের বিষয়বস্তুর ব্যাখ্যার জন্য এইসব দৈত্য দানবাদির কোন প্রয়োজন নেই। বিজ্ঞানের এটি একটি ধারা; এই ধারাটি আমি ধর্মের উপর প্রয়োগ করতে চাই। দেখা যায়; ধর্মগুলির মধ্যে এর অভাব রয়েছে এবং সেইজন্য ধর্মগুলি ভেঙে শতধা হচ্ছে।" (৮)

রাজযোগ প্রসঙ্গে স্বামীজী বলেন ঃ "রাজযোগ সমগ্র মানবজাতিকে এই শিক্ষা দেয় যে, জ্ঞান ও শক্তির অনন্ত সমুদ্র আমাদের পশ্চাতে রয়েছে, প্রত্যেক ব্যক্তি তারই এক একটি ক্ষুদ্র প্রণালী মাত্র। এটি আরও শিক্ষা দেয়, সমস্ত অভাব ও বাসনা যেমন মানুষের অন্তরেই রয়েছে; তেমনি মানুষের ভিতরেই ঐ অভাব মোচন করার শক্তিও রয়েছে; যখন যেখানে কোন বাসনা, অভাব বা প্রার্থনা পূর্ণ হয়, তখনই বুঝতে হবে এই অনন্ত শক্তি-ভান্ডার থেকেই এই সব প্রার্থনা পূর্ণ হচ্ছে, কোন অলৌকিক পুরুষের দ্বারা নয়। অপ্রাকৃত পুরুষের ধারণা মানুষের ক্রিয়াশক্তি কিছু পরিমাণে জাগ্রত করতে পারে বটে, কিন্তু এতে আবার আধ্যাত্মিক অবনতিও হয়ে থাকে, এর ফলে স্বাধীনতা চলে যায়, ভয় ও কুসংস্কার এসে হৃদয় অধিকার করে, ঐভাব শেষপর্যন্ত এই ভয়ঙ্কর বিশ্বাসে পর্যবসিত হয় যে — মানুষ স্বভাবতঃ দুর্বল। যোগী বলেন, অতিপ্রাকৃত বলে কিছু নেই, প্রকৃতির স্থূল ও সূক্ষ্ম বিবিধ প্রকাশ বা রূপ আছে বটে। সূক্ষ্ম কারণ, স্থূল কার্য। স্থূলকে সহজেই ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করা যায়, সূক্ষ্মকে সেরূপ করা যায় না। রাজযোগ অভ্যাস করলে সূক্ষ্মতর অনুভূতি অর্জিত হতে থাকে।" (৯)

বেদান্ত মতে মায়া হল অঘটন -ঘটন-পটীয়সী অনির্বচনীয়। স্বামীজী বলছেন ঃ

"মায়া সংসার-রহস্যের ব্যাখ্যার নিমিত্ত একটি মতবাদ নয়; সংসারের ঘটনা যেভাবে চলছে, মায়া তারই বর্ণনামাত্র অর্থাৎ এটাই বলা যে, বিরুদ্ধভাবই আমাদের অস্তিত্বের ভিত্তি; সর্বত্র এই ভয়ানক বিরোধের মধ্য দিয়ে আমরা চলছি।" (১০)

মায়া প্রসঙ্গে তিনি আরো বলেন ঃ "দেশ কাল ও নিমিত্তকে আমরা মায়া বলে থাকি....সাধারণত যেরূপ ব্যাখ্যা করা হয়ে থাকে, মায়া সেরূপ ভ্রম নয়। মায়া সৎ, আবার সৎ নয়। মায়া সৎ, কারণ তার পশ্চাতে প্রকৃত সত্তা বিদ্যমান, তাই মায়াকে প্রকৃত সত্তার আভাস প্রদান করে .... অতএব মায়া হল কূটাভাস — সৎ অথচ সৎ নয়, ভ্রম অথচ ভ্রম নয়।" (১১)

একশ বছরের বেশী আগে পাশ্চাত্যের বুদ্ধিজীবীদের মধ্যে স্বামীজী বলছেনঃ

''এদিকে আবার আধুনিক পদার্থবিদ্যার গবেষণাগুলি হতে এ-কথায় প্রমাণ ক্রমশ বেশি করে পাওয়া যাচ্ছে। বস্তুর সূক্ষ্মতর সত্তাই সত্য, যা স্থূল, তা দৃশ্যমাত্র। ... যদি ঈশ্বর থাকেন, তা হলে তিনি নিশ্চয়ই জগতের নিমিত্ত ও উপাদান-কারণ, তিনি যে কেবল স্রষ্টা — তাই নয়, সৃষ্ট কার্যও তিনি। তিনি স্বয়ং এই বিশ্বব্রহ্মাণ্ড।'' (১২)

বিবেকানন্দ বলেছেনঃ

''বিজ্ঞানের প্রমাণে জেনেছি — দেহগত ব্যক্তিত্ব ভ্রান্তিমাত্র।'' (১৩) ও ''আমরা একই সময়ে সমষ্টি ও ব্যষ্টি।'' (১৪)

স্বামীজী বলেছেনঃ''বেদান্ত ও আধুনিক বিজ্ঞান উভয়ই জগতের কারণস্বরূপ এমন এক বস্তুকে নির্দেশ করছেন, যা হতে অন্য কিছুর সাহায্যব্যতীত জগতের প্রকাশ হয়েছে। সেই এক কারণই নিমিত্ত কারণ, আবার সমবায়ী ও অসমবায়ী উপাদান কারণ সবই।'' (১৫)

স্বামীজীর আশাঃ '' বিজ্ঞান ও ধর্ম পরস্পরকে কোলাকুলি করবে।'' (১৬) কারণ — ''চারুকলা, বিজ্ঞান ও ধর্ম — একই সত্যকে প্রকাশ করার তিনটি উপায়। ঐটি বুঝতে গেলে আমাদের অদ্বৈতবাদ গ্রহণ করতে হবে।'' (১৭)

মিল, কান্ট, হেগেল প্রভৃতি পাশ্চাত্য দার্শনিকদের শুষ্ক বিচারপূর্ণ যুক্তিবাদ নরেন্দ্রনাথের প্রাণের তৃষ্ণাকে পূরণ করতে পারেনি। তাই সত্যানুসন্ধানের জন্য পাগলপারা হয়ে বহু ধর্মবেত্তাদের কাছে গিয়েও বিফল মনোরথ হবার পর তিনি আশ্চর্যবক্তা শ্রীরামকৃষ্ণের সান্নিধ্যলাভে ঈশ্বর সম্পর্কে সুবিজ্ঞাত এক যথার্থ সাধককে পেয়েছিলেন। সে ঘটনা তাঁর নিজের ভাষায়ঃ

''আমি এই ব্যক্তির কথা শুনে তাঁকে দর্শন করতে গেলাম। তাঁকে একজন সাধারণ লোকের মতো বোধ হল, কিছু অসাধারণত্ব দেখলাম না। অতি সরল ভাষায় কথা বলছিলেন, আমি ভাবলাম এ ব্যক্তি একজন বড় ধর্মাচার্য হতে পারেন? আমি সারাজীবন অপরকে যা জিজ্ঞেস করেছি তাঁর নিকট গিয়ে তাঁকেও সেই প্রশ্ন জিজ্ঞেস করলাম 'মশায়, আপনি কি ঈশ্বর বিশ্বাস করেন? তিনি উত্তর দিলেন — হ্যাঁ।' 'কি প্রমাণ? 'আমি তোমাকে যেমন আমার সামনে দেখছি, তাঁকেও সেরূপ দেখি, বরং আরো উজ্জ্বল স্পষ্টতর। উজ্জ্বলতর রূপে দেখি।' আমি একেবারে মুগ্ধ হলাম।'' (১৮)

নরেন্দ্রনাথের পশ্চিমী বস্তু বিজ্ঞান ও তার বিশ্লেষণী প্রয়োগ সম্বন্ধে অগাধ শ্রদ্ধা ছিল। তিনি পশ্চিমী বিজ্ঞান ও দর্শন পড়েছিলেন এবং পশ্চিমের চিকিৎসার বিষয় পাঠ করে বুঝতে পেরেছিলেন স্নায়ুতন্ত্রের কথা। বিশেষ করে মস্তিষ্ক ও মেরুদন্ডের বিষয়ে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেছিলেন। (১৯)

একবার মাইশোরের মহারাজা জিজ্ঞেস করেছিলেন, ''স্বামীজী, আপনার জন্য আমি কি করতে পারি?'' স্বামীজী এর উত্তরে জানিয়েছিলেন ভারতবর্ষের সম্পদরাজি হলো তার দর্শনে ও আধ্যাত্মিকতায়, এখন প্রয়োজন আধুনিক বিজ্ঞান সম্বন্ধে ধারণার।

স্বামীজীর উপদেশানুসারে আলোয়ারের অনেক যুবক সংস্কৃত-শিক্ষায় মনোযোগী হয়েছিল। সময়ে সময়ে স্বামীজীই তাদের শেখাতেন। তিনি বলতেন, ''সংস্কৃত পড় এবং সঙ্গে সঙ্গে পাশ্চাত্য বিজ্ঞানের চর্চা কর। আর সব জিনিসটা যথাযথ ভাবে দেখতে ও বলতে শেখ। পড় আর খাট, যাতে করে আমাদের দেশের ইতিহাসকে বিজ্ঞানসম্মত ভিত্তিতে নূতন করে গড়তে পার।'' (২০)

স্বামীজীর খেতড়ীতে প্রায় তিন মাস অবস্থানের সুযোগে রাজা অজিত সিংহ তাঁর নিকট পদার্থ বিদ্যা, রসায়নবিদ্যা এবং নক্ষত্রবিদ্যা অধ্যয়ন করেছিলেন। রাজপ্রাসাদের সর্ব্বোচ গৃহে স্বামীজী একটি ল্যাবরেটরি স্থাপন করেছিলেন তাতে বিজ্ঞান-শিক্ষার উপযোগী যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্য সংগৃহীত ছিল। একটি দূরবীক্ষণ ও ঐ উচ্চ গৃহের ছাদে স্থাপিত হয়েছিল এবং গ্রহ নক্ষত্রাবলোকনে গুরুশিষ্য এমনই মেতে যেতেন যে সময়ের জ্ঞান থাকত না।'' (২১)

জামসেদজী টাটার সঙ্গে স্বামীজীর প্রথম সাক্ষাৎ পরিচয় ঘটে — যখন তিনি অখ্যাত সন্ন্যাসী — বিনা পরিচয়পত্রে আমেরিকা যাচ্ছেন চিকাগো ধর্মমহাসভায় যোগ দিতে। স্বামীজীর জীবনীগুলি পড়ে মনে হয়, স্বামীজী বুঝি বোম্বাই থেকে ৩১মে, ১৮৯৩ তারিখে 'পেনিনসুলার' নামক জাহাজে উঠে, সেই জাহাজে করেই আমেরিকা পৌঁছে গিয়েছিলেন, যদিও স্বামীজী স্বয়ং ১০ জুলাই, ১৮৯৩-এর চিঠিতে জাপানের কোবি বন্দর থেকে জাহাজ ছেড়ে দেওয়ার কথা বলেছেন। স্বামী চেতনানন্দ আশ্বিন, ১৩৮০, উদ্বোধনে, এক তথ্যপূর্ণ প্রবন্ধে ('বিবেকানন্দ ঃ বম্বে থেকে বঙ্কুবর') — ''ডেইলি নিউজ অ্যাডভারটাইজার, ভ্যাঙ্কুবর'' পত্রিকার ২৬ জুলাই, ১৮৯৩-এর উদ্ধৃত করে দেখিয়েছেন, স্বামীজী ২৫ জুলাই সন্ধ্যায় ভ্যাঙ্কুবরে পৌঁছান 'এমপ্রেস অব ইন্ডিয়া' জাহাজ যোগে। ঐ সংবাদপত্র থেকেই দেখা যায়, জাহাজের যাত্রীদের মধ্যে মিঃ এস বিবস্কানন্দ্র ও স-ভৃত্য মিঃ টাটাও ছিলেন। স্বামীজীর সঙ্গে আমেরিকা যাত্রাপথেই যে টাটার পরিচয় হয়েছিল। সে -সম্পর্কে মহেন্দ্রনাথ দত্ত লিখেছেনঃ ''ইয়কোহামা হইতে স্বামীজী পুনরায় জাহাজে উঠিয়া প্রশান্ত মহাসাগর অতিক্রম করিয়া একেবারে ভ্যাঙ্কুবারে চলিয়া যান।... সুপ্রসিদ্ধ টাটা সেই জাহাজে ছিলেন। স্বামীজী পত্রে লিখিয়াছিলেন যে, তিনি টাটাকে বলিয়াছিলেন, 'জাপান থেকে দেশলাই নিয়ে গিয়ে দেশে বিক্রয় করে জাপানকে টাকা দিচ্ছ কেন? তুমি তো সামান্য কিছু দস্তুরী পাও মাত্র। তার চেয়ে দেশে দেশলাইয়ের কারখানা করলে তোমারও লাভ হবে, দশটা লোকেরও প্রতিপালন হবে এবং দেশের টাকা দেশে থাকবে।' কিন্তু টাটা যে অসম্মতি প্রকাশ করিয়া নানারূপ আপত্তি দর্শাইতে লাগিলেন। সে সময়ে টাটার জাপানী দেশলাই একচেটিয়া ছিল।'' (২২)

জামসেদজী টাটা যে স্বামীজীর সঙ্গে পাঁচ বছর আগেকার প্রাসঙ্গিক কথাবার্তা স্মরণ করেছিলেন, তা ২৩ নভেম্বর, ১৮৯৮, তারিখে স্বামীজীকে লেখা তাঁর পত্র থেকে দেখা যায়। পত্রটি এইঃ

''প্রিয় স্বামী বিবেকানন্দ —

আমার বিশ্বাস আপনি জাপান থেকে চিকাগোর পথে জাহাজে সহযাত্রীরূপে আমাকে মনে রেখেছেন। ভারতে সন্ন্যাসীসুলভ ত্যাগের আদর্শের পুনর্জাগরণ, ঐ আদর্শকে ধ্বংস করার পরিবর্তে যথাযোগ্য পথে চালিত করার কর্তব্য সম্বন্ধে আপনার অভিমত বর্তমান মুহূর্তে আমার বিশেষভাবে মনে পড়ছে।

''ভারতে বৈজ্ঞানিক গবেষণাগার স্থাপন সম্বন্ধে আমার পরিকল্পনার কথা আপনি নিশ্চয় শুনেছেন বা পড়েছেন। এই প্রসঙ্গে আপনার চিন্তা ও ভাবরাজির কথা আমি স্মরণ করছি। মনে হয়, যদি ত্যাগব্রতী মানুষেরা আশ্রমজাতীয় আবাসিক স্থানে অনাড়ম্বর জীবন যাপন করে প্রাকৃতিক ও মানবিক বিজ্ঞানের চর্চায় জীবন উৎসর্গ করে — তাহলে তার অপেক্ষা ভাবাদর্শের শ্রেষ্ঠতর প্রয়োগ আর কিছু হতে পারে না। আমার ধারণা, এই জাতীয় ধর্মযুদ্ধের দায়িত্ব কোনো যোগ্য নেতা গ্রহণ করলে তার দ্বারা ধর্মের ও বিজ্ঞানের উন্নতি হবে, এবং দেশের সুনাম বৃদ্ধি পাবে। আর, এই অভিযানে বিবেকানন্দের তুল্য মহানায়ক কে হতে পারেন। আপনি কি এই পথে আমাদের জাতীয় ঐতিহ্যকে নবজীবন দান করবার জন্য আত্মনিয়োগ করবেন? বোধহয় শুরুতে এ-ব্যাপারে জনসাধারণকে উদ্দীপিত করার জন্য অগ্নিময় বাণী সংবলিত একটি পুস্তিকা প্রচার করলেই ভালো করবেন। প্রকাশের সমস্ত ব্যয়ভার আমি বহন করব।

শ্রদ্ধানত হে প্রিয় স্বামীজী, আপনার বিশ্বস্ত,

জামসেদজী এন টাটা।'' (২৩)

বিজ্ঞান ও ধর্ম — উভয়ের চূড়ান্ত লক্ষ্য একত্ব আবিষ্কার। স্বামীজীর মতে ঃ ''একত্বের আবিষ্কার ব্যতীত বিজ্ঞান আর কিছুই নয়। এবং যখনই কোন বিজ্ঞান সেই পূর্ণ একত্বে উপনীত হয় তখন তার অগ্রগতি থেমে যাবে। কারণ ঐ বিজ্ঞান নিজের লক্ষ্যে উপনীত হয়েছে। যেমন রসায়নশাস্ত্র যদি এমন একটি মূল পদার্থ আবিষ্কার করে, যা থেকে অন্যান্য সকল পদার্থ প্রস্তুত করা যেতে পারে, তা হলে তা চরম উন্নতি লাভ করল। পদার্থবিদ্যা যদি এমন একটি শক্তি আবিষ্কার করতে পারে, অন্যান্য শক্তি যার রূপান্তর মাত্র, তা হলে ঐ বিজ্ঞানের কার্য শেষ হল। ধর্ম বিজ্ঞানও তখনই পূর্ণতা লাভ করেছে, যখন তাঁকে আবিষ্কার করেছে যিনি এই মৃত্যুময় জগতে একমাত্র জীবনস্বরূপ, যিনি নিত্য পরিবর্তনশীল জগতের একমাত্র অচল অটল ভিত্তি, যিনি একমাত্র পরমাত্মা — অন্যান্য আত্মা যাঁর ভ্রমাত্মক প্রকাশ। এরূপে বহুবাদ, দ্বৈতবাদ প্রভৃতির ভিতর দিয়ে শেষে অদ্বৈতবাদে উপনীত হলে ধর্ম-বিজ্ঞান আর অগ্রসর হতে পারে না। এটিই সর্বপ্রকার জ্ঞান বা বিজ্ঞানের চরম লক্ষ্য।

''সকল বিজ্ঞানকেই অবশেষে এই সিদ্ধান্তে উপনীত হতে হবে। আজকাল বৈজ্ঞানিকেরা 'সৃষ্টি' না বলে 'বিকাশ' শব্দ ব্যবহার করছেন। হিন্দু যুগযুগ ধরে যে ভাব হৃদয়ে পোষণ করে আসছে, সে-ভাব আধুনিক বিজ্ঞানের সিদ্ধান্তের নূতনতর আলোকে আরও জোরালো ভাষায় প্রচারিত হওয়ার উপক্রম দেখে তার হৃদয়ে আনন্দের সঞ্চার হচ্ছে।'' (২৪)

অন্যত্র স্বামীজী লিখেছেন ঃ ''আমি এক্ষণে বেদান্তের সৃষ্টিতত্ত্ব ও পরলোকতত্ত্ব নিয়ে খুব খাটছি। আমি স্পষ্টই আধুনিক বিজ্ঞানের সঙ্গে বেদান্তের ঐ তত্ত্বগুলির সম্পূর্ণ ঐক্য দেখছি; তাদের একটা পরিস্কার হলেই সঙ্গে সঙ্গে অপরটাও পরিস্কার হয়ে যাবে। পরে প্রশ্নোত্তরাকারে এই বিষয়ে একখানা বই লিখব মনে করছি।''(২৫)

উনবিংশ শতাব্দীর প্রায় শেষপাদে নিউ ইয়র্ক শহরে মেধা ও প্রতিভায় অনন্য দুই ব্যক্তিত্বের মিলন ঘটেছিল। একজন ছিলেন বৈদান্তিক সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ এবং অপরজন বিশ্বের সর্বকালের অন্যতম অগ্রণী বিজ্ঞানী নিকোলো টেসলা। নিকোলা টেসলা নিউ ইয়র্কে বিবেকানন্দের বেদান্ত বিষয়ক বক্তৃতা শুনতে আসতেন এবং সম্ভবত তিনি একাধিক আসরেই এসেছিলেন। বিবেকানন্দের বিজ্ঞানচেতনা এবং গভীর অনুসন্ধিৎসার ইঙ্গিতপূর্ণ বিষয় রয়েছে নিকোলা টেসলাকে লেখা তাঁর চিঠিতে। তাছাড়া, ১৩ ফেব্রুয়ারী ১৮৯৬ ই টি স্টার্ডিকে লেখা চিঠিতে নিকোলা টেসলার ওপর নিজের বক্তৃতার প্রভাবের কথা স্বামীজী জানিয়েছেন ঃ "মিঃ টেসলা বেদান্ত-মত অনুযায়ী প্রাণ, আকাশ ও কল্প-এর তত্ত্ব শুনে মুগ্ধ হয়েছেন। তাঁর মতে, আধুনিক বিজ্ঞানের কাছে একমাত্র এই মতবাদই মনোযোগের যোগ্য। আকাশ এবং প্রাণও আবার বিশ্বব্যাপী মহৎ অর্থাৎ সর্বপরিব্যাপ্ত মন — নিরাকার ব্রহ্ম বা ঈশ্বর থেকে সৃষ্ট। মিঃ টেসলার ধারণা তিনি অঙ্কের মাধ্যমে দেখাতে পারবেন যে, জড় ও শক্তিকে শেষপর্যন্ত অব্যক্ত শক্তিতে পরিণত করা সম্ভব। গণিতের এই নতুন প্রদর্শনটি চাক্ষুষ করার জন্য আগামী সপ্তাহে তাঁর কাছে আমার যাওয়ার কথা। এটি যদি প্রমাণিত হয়, তাহলে বেদান্তমত দৃঢ়তম ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হবে।(২৬)

তারিখবিহীন নিম্নোক্ত চিঠিটি বিবেকানন্দ ১৮৯৬ সালে লিখেছিলেন টেসলাকে। তার সামান্য অংশেই প্রমাণ মেলে স্বামীজীর বিজ্ঞান অনুসন্ধিৎসা।

প্রিয় মহাশয়,

এটা যদি আপনার কাছ থেকে অত্যধিক প্রত্যাশা না হয়, তাহলে দয়া করে Conservation of Energy -র তত্ত্ব এবং বিশ্বের সৃষ্টিতত্ত্ব সম্বন্ধীয় অধুনা প্রকাশিত গ্রন্থের একটি তালিকা কয়েক ছত্র লিখে আমায় জানাবেন। আধুনিক বিজ্ঞানে কি এমন কোন তত্ত্ব আছে যেখানে বলা হয়েছে যে, there is a sphere of electricity beyond the sphere of light? Electric vibration কি finer than those of light? একটিকে অপরটিতে transfer করা সম্ভব? (২৭)

স্বামীজীই প্রথম সন্ন্যাসী যিনি পাশ্চাত্যের জড় সভ্যতার সমৃদ্ধি, দরিদ্রের প্রতি তাঁদের সহানুভূতি, নারীদের স্বাধীনতা, সংঘবদ্ধ হওয়ার ক্ষমতা এবং ব্যবসায়িক ঐক্য দেখে উচ্ছ্বাসিত প্রশংসা করেছেন এবং তৃপ্তিবোধ করেছেন। স্বামীজী লক্ষ করেছেন পাশ্চাত্যের উন্নতির পিছনে ছিল বিজ্ঞান এবং মুক্ত সামাজিক-রাজনীতিক মনোভাবের প্রভাব। তিনি বিশ্বাস করতেন যে, বিজ্ঞান এবং গণতন্ত্র হিন্দু রক্ষণশীল সমাজকে কুসংস্কারের নাগপাশ থেকে মুক্ত করতে পারবে। তাই স্বামীজী নির্দ্বিধায় বলেছেন যে বাইরের সঙ্গে ভারতবর্ষের আদান-প্রদান যেদিন থেকে বন্ধ হল ভারতবর্ষকে সেদিন থেকেই যে যখন চাইল পদানত করল।

১৮৯৭-এর ১ মে রামকৃষ্ণ মিশন স্থাপনের দিন এবং ৫ মে অনুষ্ঠিত সাধারণ সভায় রামকৃষ্ণ মিশনের উদ্দেশ্য ও কার্যপ্রণালীর মধ্যে উল্লিখিত হল ঃ

"মানবের হিতার্থ শ্রীশ্রীরামকৃষ্ণ যে-সকল তত্ত্ব ব্যাখ্যা করেছেন এবং কার্যে তাঁর জীবনে প্রতিপাদিত হয়েছে, তার প্রচার এবং মানুষের দৈহিক, মানসিক ও পারমার্থিক উন্নতিকল্পে যাতে সে-সকল তত্ত্ব প্রযুক্ত হতে পারে, সে- বিষয়ে সাহায্য করা এই 'প্রচারের' (মিশনের) উদ্দেশ্য।

"মানুষের সাংসারিক ও আধ্যাত্মিক উন্নতির জন্য বিদ্যাদানের উপযুক্ত লোক শিক্ষিত করণ, শিল্প ও শ্রমোপজীবিকার উৎসাহবর্ধন এবং বেদান্ত ও অন্যান্য ধর্মভাব রামকৃষ্ণজীবনে যেরূপে ব্যাখ্যাত হয়েছিল, তা জনসমাজে প্রবর্তন।

"ভারতবর্ষের নগরে নগরে আচার্যব্রত-গ্রহণাভিলাষী গৃহস্থ বা সন্ন্যাসীদের শিক্ষার আশ্রম স্থাপন এবং যাতে তারা দেশ-দেশান্তরে গিয়ে জনগণকে শিক্ষিত করতে পারেন, তার উপায়-অবলম্বন।" (২৮)

পরিশেষে একথা স্পষ্টতার সঙ্গে বলা যায় যে, স্বামী বিবেকানন্দ নিজে কেবল যুক্তিবাদী ও বিজ্ঞানমনস্ক ছিলেন তা নয়, অনাগতকালের মানুষের কাছে যুগাবতার শ্রীরামকৃষ্ণের জীবন, বাণী ও কর্মকে পৌঁছে দেওয়ার জন্য যে রামকৃষ্ণ সংঘ সৃষ্টি করলেন তাদের কর্মপ্রণালী ও আদর্শের মধ্যে চিরকালের জন্য এই আধুনিক যুক্তিবাদ ও বিজ্ঞানমনস্কতার প্রবেশ করিয়ে সমগ্র ভাবান্দোলনটিকেই এক অতি আধুনিক প্রগতিশীল মাত্রাভিমুখীন করে গেলেন।

A.R. Reincourt তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Eye of Shiva' -তে দেখিয়েছেন কিভাবে ভারতীয় অধ্যাত্মবিদ্যা ও আধুনিক পদার্থবিদ্যা একটি জায়গায় মিলিত হয়েছেঃ "From its modern awakening with Sri Ramakrishna and Swami Vivekananda eastern mysticism has begun to adopt its revelations to the entirely different culture framework provided by science and technology, without in any way sacrificing what is valid in the traditional understanding of the phenomenon itself.

Mr. Reinocourt সর্বশেষে সিদ্ধান্ত করেছেন যে, 'after Vivekananda's interpretations of Vedanta in the language of modern science 'Indian mysticism has evolved ... as the science of physics itself' leading towards an 'inevitable convergence of the two. (২৯)

তথ্যসূচি

১। স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা, ৫ম খন্ড, ১৪০৮, পৃঃ ৫৬
২। ঐ, ২য় খন্ড, ১৪০৭, পৃঃ ৭৮
৩। ঐ, পৃঃ ৭৮-৭৯
৪। ঐ, ৫ম খন্ড, ১৪০৮, পৃঃ ৩০০
৫। ঐ, পৃঃ ১৮৪
৬। ঐ, ৩য় খন্ড, ১৪০৬, পৃঃ ২০৫
৭। ঐ, পৃঃ ৯৫-৯৬
৮। ঐ, পৃঃ ৯৮
৯। ঐ, ১ম খন্ড, ১৪০৭, পৃঃ ১৬৩-৬৪
১০। ঐ, ২য় খন্ড, ১৪০৭, পৃঃ ৯
১১। ঐ, ১০ম খন্ড, ১৪০৮, পৃঃ ১৫৮-৫৯
১২। ঐ, ৩য় খন্ড, ১৪০৬, পৃঃ ১০২; ঐ, ২য় খন্ড, ১৪০৭, পৃঃ২৩৩

১৩। ঐ, ১ম খন্ড, ১৪০৫, পৃঃ ১৮
১৪। ঐ, ১০ম খন্ড, ১৪০৮, পৃঃ ৮৮
১৫। ঐ, ৪র্থখন্ড, ১৪০৭, পৃঃ ২০০
১৬। ঐ, ২য় খন্ড, ১৪০৭, পৃঃ ৭৮
১৭। ঐ, ১ম খন্ড, ১৪০৫, পৃঃ তের
১৮। ঐ, ৮ম খন্ড, ১৪০৬, পৃঃ ২৫৬
১৯। The Life of Vivekananda, Advaita Ashrama, 1960, P 73 - 74.
২০। যুগনায়ক বিবেকানন্দ, ১ম খন্ড, ১৯৯১, পৃঃ ২৫৪
২১। ঐ, পৃঃ ২৬৪
২২। বিবেকানন্দ ও সমকালীন ভারতবর্ষ, ৫ম খন্ড, পৃঃ ২৩৯-৪০
২৩। ঐ, পৃঃ ২৪৪-৪৫
২৪। বাণী ও রচনা, ১ম খন্ড, ১৪০৭, পৃঃ ১৮
২৫। পত্রাবলী, উদ্বোধন কার্যালয়, পৃঃ ৪৩৪
২৬। 'উদ্বোধক', শারদীয় সংখ্যা, ১৪১৬, ১১১ বর্ষ, পৃঃ ৭১১
২৭। ঐ, পৃঃ ৭১৩
২৮। স্বামি-শিষ্য -সংবাদ - শরচ্চন্দ্র চক্রবর্তী, ১৯৮৯, পৃ ঃ ৩৭
২৯। Swami Vivekananda—Prophet and Pathfinder—Swami Jitatmananda, 4th Edition, P 141.

# স্মরণ

**স্বামী গুরুকৃপানন্দ**

**জাগো-জাগো নত্ত জোয়ান**
**আহ্বান ও বাতাসে বাতাসে ফেরে আজও —**
**শুনেছ কি পেতে কান?**
**চেয়ে দেখ চারি দিকে হৃদয় পসারি**
**তোমার প্রতিক্ষায় দিন গুনছে কত**
**অসহায় নরপরী।**
**ভুলে গেছ কি তাঁর সেই মহান বাণী**
**ওঠ্ জাগো দূর করে দাও**
**অন্তরের গ্লানি।**
**লেগে পড় কাজে —**
**এখনও কি মোদের নিদ্রা সাজে?**
**শার্ধশতবর্ষ আগত প্রায় —**
**সাজাও কর্মের ডালি**
**যা দিয়ে পুজিব তাঁর পায়।**

Ye are the children of God, the sharers of immortal bliss, holy and perfect beings. Ye divinities on earth-sinners! It is a sin to call a man so; it is a standing libel on human nature.

— Swami Vivekananda

# BUDDHAS BY THE HUNDRED ARE NECESSARY

**Swami Sandarshanananda**

"Man is man so long as he is struggling to rise above nature; both internal and external." This surely holds good for a rational being. But, to one who has lost all individuality because of persistent hunger and deprivation, it carries absolutely no sense. Hence, Swamiji has something else to tell in regard to such a person: "The first of everything must go to the poor."

The first vis-à-vis the second saying is entirely of a different scale. It is of a sublime import laden with transcendental value. It concerns a spiritual growth leading to Liberation (*moksha*) through the practice of renunciation (*tyaga*). It is aimed at a person who had had enough material enjoyments, and now they seem badly cloyed to him or her.

The repulsion towards worldly pleasures (*preya*) thus spontaneously generated evolves an attitude of discrimination that compels one to seek the permanent (*nitya*), leaving aside the transient (*anitya*). That is where the "struggle" indeed begins to conquer "nature" comprehensibly. In another word this is being described as *Vairagya* – a term hardly translatable in English. And this is the stage which is being seen as the acme of rationality.

Relatively, the second saying is of much less spiritual content since it concerns out-and-out a temporal affair. Its implication is down to earth and meant for those who have forgotten what material enjoyment (*voga*) is. But then, it has got somewhat a connection with the first in the sense that physical enjoyment (*voga*) presupposes renunciation (*tyaga*) and thereby justifies that renunciation is the corollary of worldly enjoyment. It also proves that the idea of renunciation to the penurious is ridiculous who lack even the minimum amenities of life. As Sri Ramakrishna would say empty stomach is no good for religion.

At this point, serving the poor waxes quite pertinent for its twofold utility, namely much needed poverty alleviation of the beneficiaries and spiritual elevation of the benefactors through selfless work.

The latter are most productive, for work is worship to them. Every single person they serve is a deity to them, and to please him or her is their sole desire. They are the most pragmatic lot too. Focused on "Chronic Poverty", they choose hills and forests where people pass poverty from generation to generation and are likely to remain bogged down in it forever, unless an aggressive treatment dished out to them for effective recovery. This practical minded are clear on what drives, retains and removes poverty of such a section. They immediately perceive that the root causes of the malady of the section are systematic deception, denial and displacement. In order to rescue it from oppression, among many things, they rightly attach importance to the release of women from confusion and coercion. They are aware that, in the face of an enormous complexity of its problems, its deliverance isn't easy. Still, they feel it worth trying for. They aren't afraid, for they are armed with the love of God in their heart. They have learnt from Swamiji: "The earth's bravest and best will have to sacrifice themselves for the good of many, for the welfare of all. Buddhas by the hundred are necessary with eternal love and pity."

Faith, faith, faith in ourselves, faith, faith in God- this is the secret of greatness. Have faith in yourselves, and stand up on that faith and be strong; that is what we need.

— Swami Vivekananda

# A HEALTHY WORK ATTITUDE

**Swami Atmajnananda**

People, generally are interested in work. They want to be active, successful and gain recognition for their efforts. Being devoid of work or a job is frightful and retired people find time hanging heavily on their heads. People like to work in a stress free environment wherein they can be more productive. When told about efficiency in work as a means to gaining control over their mind and that it can help them to become better individuals, they are interested. Efficiency in work enables them to be more successful and therefore they are happy. But what they fail to understand is that along with success there is failure, ill-health, tremendous mental pressure to perform and the ills of competition. Are they willing to face the other side of work? No. They burn themselves out in the rat race, become frustrated and confused as to where it all went wrong. When efforts do not bring about commensurate results they vilify their colleagues and spoil their day. So work does lead to problems if one does not train oneself to work with awareness or the right attitude.

### Work We Must

We are not aware of how our mind works. One cannot remain idle and say I shall not work. When one sits idle, the mind spends itself in all sorts of mental activity and the strain that results is more harmful than physical strain. Sri Krishna says in the Bhagavad-Gita, 'Do your regular duties; for action is superior to inaction; and even the bare maintenance of the body would not be possible if thou art inactive.'[1] It is in our nature to work. Nature forces us to work. 'All are made to act, helplessly indeed, by their very nature'[2], says the Lord again. Our breathing, digestion and other involuntary actions are all work, only we are not aware that we are working. If these do not happen, we are in for trouble. Most of us are only against work that is troublesome or more strenuous because we are lazy. We shirk work out of fear; fear that it may bring failure or censure. Generally, all of us are aware that work leads to more work and we invariably get involved in it. We become apprehensive about getting involved for that means less freedom for our individualistic pursuits.

Is there no freedom from work then? We find some people who work just like the others but do not see the work as drudgery. For them, work is not only joyful but it also has far reaching impact. They do not seem to be working. Work just happens for them. They do not show around that they are working and do not get identified with the work. They do not work with the ego-sense: 'I am doing this work, this is my work and I am entitled to the results that accrue from it'. Their attitude can be put in these words: 'The forces of Nature perform all action. With the understanding deluded by egoism, the person thinks, “I am the doer”'[3].

The sense of doership gives us the idea that we are capable of 'doing a work, not doing it or doing it otherwise'. When we work, we can do something really creative and benefecilal, undo something that has been wrongly done by ourselves or others, do something wrongly and create problems for ourselves and others or change the way in which a particular work is being done so that it becomes easier to do it. All these involve a sense of doership, 'I am doing this work'. Things however do not happen as per our plans. We soon realize that all is not how it should be. Our ego plays spoilsport and we start hating work. The only way to get over this imbroglio is to ripen our puny ego by chastising it or by asserting our true nature, the Self. The mind is to be cleansed of all the desires that nourish the ego—our sense of separateness or limited individuality.

We are constantly denying our higher nature, our infinite dimension and reinforcing the selfish ego that binds us. How unfortunately deluded we are! We feel insecure when we are asked to give up the 'I' that we have created. Narendranath, the later Swami Vivekananda, was once asked by Sri Ramakrishna as to how he would enjoy the syrup served to him. Naren replied that he would sit on the edge of the plate and carefully sip it, lest he get drowned in it. Sri Ramakrishna laughed and said, 'There is no fear of dying if you drown in this nectar of immortality. You will gain eternal life'. All of us, the moment we are born, start clinging to life. We are forced to do so by nature, by our genes. Only the wise and courageous can break this attachment and work towards freedom.

## Work Transformed to Yoga

Work trains the mind and helps us to realize our weaknesses. Two ways are prescribed: To assert the Self and remain a witness, being unattached to the things that happen around. And the second, but in no way inferior is the path of surrendering all actions to God and doing all work as His worship. The former is the path of Jnana or knowledge and the latter, the path of Bhakti or devotion. Working without attachment to the results and without the sense of doership is the path of Karma or action. Swami Vivekananda says, 'Each one of our Yogas is fitted to make man perfect even without the help of the others, because they have all the same goal in view. The Yogas of work, of wisdom, and of devotion are all capable of serving as direct and independent means for the attainment of Moksha'[4].

Reconciling work with worship has always been a bother for the general spiritual aspirant who has not yet achieved the attitude or vision by which all actions are made spiritual. The beginner on the spiritual journey, struggling against his ego that tries to assert itself, avoids worldly temptations by negating the world, and work just does the opposite; it reinforces the ego, and the world. How is he to work and yet go beyond *kartrtva* or the sense of doership? How can he remain unaffected by the inevitable failures and successes? Can he avoid work-related thoughts at the time of meditation?

How can he maintain equipoise when he gets swayed by the feverish nature of work? These questions can best be answered when we study the lives of those who have achieved the state of equanimity or *sthitaprajnatva* as described in the Bhagavad-Gita by Sri Krishna. He was himself a master in yoga and at the same time an expert in action, a combination that is seldom seen.

Sri Ramakrishna, the simple temple priest of the Kali temple at Dakshineshwar had learnt the art of reconciling work with worship. For him, only the Mother existed and he was a mere instrument in Her hands. He had no separate individuality to bring in the sense of agentship. Although his mind would easily soar to the highest realms at the slightest suggestion, every small thing received his undivided attention. He was never found to be careless or forgetful. Swami Premananda, one of his direct disciples, once reminisced about how the Master's work attitude. He said: 'The Master never sat idle. We saw him working in the garden and he also swept his room. He could not tolerate work done in a slipshod manner. He himself did everything precisely and gracefully and taught us do so. He would scold us if we did not put tools and other things back in their proper places. Yet he was inward all the time. He would say: "Yoga is skill in action."'[5]

That reminds us of the famous verse in the second chapter of the Bhagavad-Gita, a part of which says, '*yogah karmasu kaushalam*' or Yoga is skill in action.[6] Work when seen as a means to train the mind becomes an efficient instrument to achieve equanimity and peace of mind. Such a person, through his or her concentrated mind is able to achieve much more than the ordinary, but he or she no longer works as a slave. Most people think that they are working out of their own sweet will while all along they are goaded into action by their desires. This tension to achieve robs them of peace and shows in all their dealings. Most often we judge others by what material progress they have achieved in life because we value such things. After all we look at the world through our colored vision. We are unable to see the intrinsic worth of human beings and always try to barter with them. This attitude rules our dealings and is the chief cause for all distinctions in society. Holy Mother told a young girl that if we desire something from someone and we get it from that person, then we shall love him or her more than others. We will never be able to love all equally if we desire or seek something in return for our love.

**The Remedy**

The only way to get over this impasse is to get rid of the diseased mind that is infected with desires. All said and done that is not easy. The best way to cleanse the mind of selfish desires is to grow in unselfishness. To expand the heart and disintegrate our limited individualities and become the whole is the ideal that Vedanta proposes: 'that which is expansive is verily happiness'. Swami Vivekananda put it as, 'Expansion is life, and contraction is death'.

Sri Ramakrishna suggests a very effective way to get rid of these desires that limit us. He says that when you walk towards the East, the Left falls behind. Give the mind the higher taste of sugar candy syrup and it will no longer run after molasses syrup. That is exactly what he did. He had tasted the bliss of divine communion and the world, as we perceive it no longer attracted him. For him the world was full of joy, and he was not running away from it. The world was not separate from God but was His manifestation and therefore all work was sacred. He had seen the same divinity in the image, in the utensils that are used for worship and in everything. How could he refuse anything as non-sacred? To him the line of demarcation between the manifest and the Unmanifest had vanished.

The same chapter of the Bhagavad-Gita defines Yoga as 'evenness of mind (in regard to success and failure)'[7], and continues to state that 'Work (with desire) is verily far inferior to that performed with the mind undisturbed by thoughts of results. Wretched are they who work for results'. Swami Vivekananda says, 'to the unattached worker all duties are equally good, and form efficient instruments with which selfishness and sensuality may be killed, and the freedom of the soul secured'[8]. This then is the secret of action and unless we achieve it, we shall know no peace. The devotee surrenders all the fruits of his actions to the Lord, looks upon all work as His work and transforms them to worship. He tries to please the Lord through his work and thereby is able to get over the difference between sacred and secular.

The man of knowledge discriminates and identifying himself with the true Self gets over the sense of doership. Work happens of its own accord and he is only a facilitator or witness to the happenings. He remains unattached. But that does not mean that he becomes insensitive. He is able to love all impartially and every act receives his equal attention.

Sri Ramakrishna once gave some strands of jute to Holy Mother and said: 'Twist these into hangers for me, please. I want to keep sweets and refreshments in them for the boys.' The Holy Mother would keep aside the vegetable peels and feed it to the cows; the leftovers would go to the fishes in the pond. Nothing was wasted. She once instructed a woman devotee to put the broom in its proper place with respect for it deserves a place in life. She would clean and put aside the wicker baskets for future use and not throw them away. Conservation of resources is a theme that is being emphasized today when man is plagued by plenty. It is well known that the poverty that plagues third world countries can easily be eradicated if the affluent nations restrict wastage of food and resources. This can be achieved if people are more sensitive to the sufferings of others. If only we can feel for the deprived and take it as a blessing when given the opportunity to serve them, divinity will not be afar from us. The Isavasya Upanishad begins with these words: All this (that is seen in this ephemeral world) must be superimposed by the Lord; one must not covet other's possessions.

## Conclusion

Work can become a blessing if we do not work only for our pleasures and put ourselves in a larger canvass. Just as the different colors, seemingly insignificant, add to the beauty and value of the whole painting, all our actions, big or small, have their role to play. The way is to put in equal efforts behind all actions, apply the mind equally and not to distinguish between works as lowly or prestigious. A changed attitude will lead to changed perception and all that was binding us will now become doors to liberation. The key to these doors is in our hands. Let us respond to the call of the Lord: 'Uplift yourself by your own self. Do not spoil yourself. You are your best friend and you can be your worst enemy too'[9]. The responsibility is entirely ours and none other can be blamed. The easiest way is to make ourselves fit instruments in the Lord's hands so that we do His work and feel blessed. There can be nothing better and liberating than this.

References:


1. Bhagavad-Gita, Chapter III-7.
2. Ibid, III-5.
3. Ibid, III-27.
4. Complete Works of Swami Vivekananda (Advaita Ashrama, Kolkata), Vol. I, p. 93.
5. Swami Chetanananda, Ramakrishna as We Saw Him (Advaita Ashrama, Kolkata, 2008), pp. 110-11.
6. Bhagavad-Gita, Chapter II-50.
7. Bhagavad-Gita, Chapter II-48.
8. Complete Works of Swami Vivekananda (Advaita Ashrama, Kolkata), Vol. I, p. 71.
9. Bhagavad-Gita, Chapter VI-5.


Be not afraid of anything. You will do marvellous work. The moment you fear, you are nobody. It is fear that is the great cause of misery in the world. It is fear that is the greatest of all superstitions. Therefore, "Arise, awake, and stop not till the goal is reached".

— Swami Vivekananda

# Hidden Future Humanity

**Swami Satyamayananda**

Three mighty life processes have helped humankind become social and civilized. They are: the miracle of birth, child rearing, and infancy. Though these processes are inherent in all living beings, mammals have a higher degree of evolvement that makes them relate differently to life. And among mammals humans have developed to deal with these three processes not only instinctively but consciously. Humans are thus products of nature, nurture, and even more. Swami Vivekananda says, 'the ideal woman is the mother … and God is called Mother.'

It takes almost a year for a baby to walk with tottering steps. Before those first steps it is totally dependent on maternal care longer than any other species. For survival this is a disadvantage. But evolution has designed humans to be so dependent as infants because the formation of their brainsand bodies demands longer time and care. Nine months in the mother's matrix is not enough to complete this growth. On the other hand, if a baby stays longer in the womb the lives of both mother and child are endangered.

Provided it is supplied with nutritious food, a baby almost triples in weight during its first year of life, and the volume of the brain grows astonishingly as it forges neural connections. A new born inherits simple reflexes—sucking, grasping, yawning, and the like—proving that the nervous system is functional. The growing baby however cannot maintain equable body temperature and needs to be kept warm. It sleeps, wails, feeds, and dirties itself, but inside a very complex universe is being created. Locomotor and perceptual development follows.

In the next stage children are, according to old psychological studies, egocentric, amoral, irrational, and their world is a mixture of dream and fantasy. However, this opinion has, at least among some scientists, changed in the last few decades. The child is actually a little adult and learns the same way as adults do. It has much greater cognitive abilities than was thought about, and as it grows a little, the child has an intuitive grasp of certain abstract concepts. On the other hand, innumerable child prodigiesin various cultures have defied child psychology and development specialists.

Looking into the eyes of a baby one can see the profound depths of life, of innocence, and of nature at its pristine best. One can then understand why humanity orients itself towards this new creation, this vulnerable miracle of nature. Though humankind participates in the process of life—for only life creates life—yet human knowledge has been unable to sound life's unfathomable depths. It has baffled thinkers

of all types for ages. At the background of every human quest is the quest to understand life. Solve this mystery and the mystery of the universe stands solved.

The child is the focal point of the family, andat every stage the family has to undergo plenty of sacrifices, with mothers taking the brunt. A society that orients itself towards childcare and education obviously becomes self-sacrificing, altruistic, and humane. Thus, a society's level of culture and evolution is marked by how much time and resources it invests in looking after its children—its future.

Almost everyone knows what the dangers of civilization are today: terrorism, fanaticism, proxy, and low-intensity wars. There is still a major threat: the physical and mental malformation of children; it is called child abuse. This threat, this evil, cuts at the very roots of social and individual sanity. It stunts lives of innumerable children, and the scars of abuse keep haunting them all their lives. As a child is one of the marvels and mysteries of nature, there is this other mystery: Why do some people abuse and destroy life? What kind of inhuman heartlessness drives some people, even a parent, to hurt the future of humanity in its seed form?

One form of abuse that has only recently been fully recognized, though we were living with it since long, is prenatal influences on the unborn. The child's learning process starts well in the mother's womb, by the sixth month of the formation of the foetus. Prenatal abuse is twofold. The first comprises irregular consumption of prescribed and non prescribed drugs, alcohol, junk food, and other substances that affect the foetus formation and the mother's health. Swamiji says, 'How many people of good, healthy lives were born of weak parents, were born of sickly, blood-poisoned parents?' The other involves the harm done to the foetus through the mother's negative emotions, which can be created by herself or others. The baby should not be injected with frustration, boredom, humiliation, stress, and anxiety. Ignorance of all these forms of child abuse is as detrimental to a society as the abuse perpetrated. Therefore, if the common belief that child abusers themselves were abused children is true, this vicious circle needs to be broken by a substantial amount of awareness and by shaking society out of its inertia, its indolence.

Indian mythology is interspersed with stories of sages like Ashtavakra and others who learnt things while in their mother's womb. Swamiji says: 'The child must be prayed for. Those children that come with curses, that slip into the world, just in a moment of inadvertence, because that could not be prevented—what can we expect of such progeny?'He adds: 'Go to a hundred thousand colleges, read a million books, associate with all the learned men of the world—better off you are when born with the

right stamp. You are born for good or evil. The child is a born god or a born demon; that is what the books say. Education and all these things come afterwards—are a mere bagatelle.'

The ancient sages of India searched the fundamentals of life and came up with startling discoveries that unravel the profound mystery veiling life. They found *prana*, life or vital force, which is 'dear', permeating everything and having a series of layers from the grossest to the highest. When meditated upon *prana* leads one to the highest Reality:'*Prano vai … paramam brahma*; the vital force is verily … the Supreme Brahman.' The sages inculcated the knowledge of this universal life encapsulating everything among the common people through simple stories.

Moreover, one who realizes this *prana* as Brahman becomes a *paramahamsa* whose external behaviour is like a child's: natural, trusting, unattached, without pretensions and ego. Sri Ramakrishnasays, 'attaining the state of the paramahamsaone becomes like a child.' Ordinarily, when a grownupbehaves like a child it could be either psychological regression or the mind's defence mechanism in order to eliminate anxiety and stress. The extremes look alike, though they are different poles of existence. The Puranas, with their mythological stories, also teach that the first created were the four mind-born sons of Brahma, the Creator. They are depicted as eternal boys endowed with the knowledge of the highest Reality. They were the first *paramahamsa*s. Sri Ramakrishna explains that, 'the paramahamsa is like a five-year-old child. He sees everything filled with Consciousness.'

That all-pervading Consciousness was addressed by Sri Ramakrishna as the Divine Mother of the Universe. Many believe that in this era she has embodied as the Holy Mother Sri Sarada Devi.But beyond beliefs, one fact is undeniable: before Sri Sarada Devi everybody, young or old, man or woman, spontaneously felt like a child. She looked upon all humans and non-humans as her children. 'Her infinite motherhood left none outside its all comprehensive grasp. Brahmachari Rashbihari asked her one day, “Are you the Mother of all?”“Yes,” replied the Mother. “Even of these lower creatures?”pressed the inquirer. “Yes,” answered the Mother.' This was her natural state of heart: 'I can't contain myself when one draws near me and calls me Mother.'

Every duty is holy, and devotion to duty is the highest form of worship of God. By doing well the duty which is in our hands now, we make ourselves stronger; and improving our strength in this manner step by step, we may even reach a state in which it shall be our privilege to do the most coveted and honoured duties in life and in society.

— Swami Vivekananda

# The Power of Attachment

**Swami Tyagananda**

In Berlin today, Argentina lost to Germany in the quarterfinal match of the Football World Cup.

I loved the way Diego Maradona used to play and so over the years I have found myself rooting for Argentina even after Maradona retired. I watched many of the games in the present World Cup and enjoyed them all, especially the ones involving Argentina. It was fascinating to see the skill and the energy of the present Argentinean team. When they won the first round and the second round games, I rejoiced. When the finally lost this afternoon, I was sad.

And I was also amused.

After all, there didn't seem any good reason for me to feel so attached to Argentina, Yes, I like Maradona, but so what? That does not mean I am inseparably tied to the fortunes of the Argentinian team. I don't play football and never have. I like watching World Cup matches once every four years, but that's about all of my involvement in the game. I have never been to Argentina. And yet–here I was grieving Argentina's loss to Germany!

If this one bit of unreasoned attachment has the power to produce this kind of sadness (and, to be fair, also memorable snatches of happiness), what about the hundreds and thousands of big and small attachments that we all carry in our hearts? No wonder, our lives relentlessly shuttle us back and forth between the highs of joy and the lows of sorrow.

The World Cup gave me an opportunity to reflect once again on the power of attachment—and the glory of detachment.

I was detached from all the other teams playing in the World Cup, and I enjoyed their games regardless of who won. There was no tension, no stress, no expectation. Just the pure joy of being a witness.

In the 2010 World Cup in South Africa, I hope I will be completely detached when I watch Argentina play. I will be the witness. I must begin practicing from this moment.

> When you are doing any work, do not think of anything beyond. Do it as worship, as the highest worship, and devote your life to it for the time being.
>
> — Swami Vivekananda

# ভারতীয় দর্শনের দু'টি বৈশিষ্ট্য ও শ্রীরামকৃষ্ণদেব

গৌতম বন্দ্যোপাধ্যায়

'দর্শন' শব্দটি সংস্কৃত, এর অর্থ করলে দাঁড়ায় দেখা। অর্থাৎ এমন এক ইন্দ্রিয়গ্রাহ্য অনুভব — যার প্রত্যক্ষতা রয়েছে। অতএব আমরা যখন ভারতীয় দর্শন বলি, তখন নিছক কিছু অতিপ্রাকৃত উপলব্ধি বা বোধই বোঝায় না — বোঝায় এমন সব উপলব্ধিকে যাদের ভিত্তি বোধগত প্রত্যক্ষতায় প্রতিষ্ঠিত। তাই ভারতীয় দর্শনের যাবতীয় তত্ত্ব একেবারে প্রত্যক্ষতায় প্রতিষ্ঠিত। শ্রীশ্রীঠাকুর ভারতীয় দর্শনের এই মর্মবাণীটি কেমন অনায়াসে উচ্চারণ করেছেন — যখন তিনি স্বামীজীকে বলেছেন যে তিনি ভগবান শুধু দেখেনই নি; চাইলে স্বামীজীকেও (তখন নরেন্দ্রকেও) দেখাতে পারেন। ভারতীয় দর্শনের দুটি বৈশিষ্ট্যকে তিনি আমাদের সামনে এনে দিলেন — প্রথম ত' প্রত্যক্ষতা এবং দ্বিতীয় হ'ল — এমন নয় যে, এই প্রত্যক্ষ অনুভব শুধু স্বল্প কিছু নির্বাচিত মানুষের পক্ষেই সম্ভব - এ' একেবারে সকলের অধিকার রয়েছে — অবশ্যই তাঁরা যদি এর উপযুক্ত শর্তসমূহ পালনের মধ্যে দিয়ে নিজেদের প্রস্তুত করেন।

এহেন প্রত্যক্ষতা এবং সর্বজনীনতা ভারতীয় দর্শনকে অন্য সমস্ত দর্শন থেকে স্বাতন্ত্র্য দিয়েছে- বিশিষ্টতা দিয়েছে। এখানে একটি কথা বিশেষভাবে মনে রাখবার প্রয়োজন। কথাটি হ'ল প্রত্যক্ষতা বলতে কিন্তু নিছক ইন্দ্রিয়গ্রাহ্য প্রত্যক্ষতাটুকুকেই বোঝান হচ্ছে না, বোঝান' হচ্ছে না নিছক বুদ্ধিগত বা ভাবগত অনুভবকেও। এটি এমন এক অনুভব, যার সূচনা এমন এক চেতনাগত স্তরে, যেটিকে অতিচেতনা, উত্তীর্ণ চেতনা হিসেবে ব্যাখ্যা করা যায় অর্থাৎ বুদ্ধি-যুক্তির সীমার উত্তরণে এর অবস্থান। এখানে এসে কী ভারতীয় দর্শনের এতক্ষণের প্রত্যক্ষতা কিছুটা দুর্বোধ্য হয়ে উঠল ? না; আসলে এটি শুনতে যতটা দুর্বোধ্য আদতে তা নয়। প্রাচীন মান্ডুক্য উপনিষদের উদাহরণ আমাদের এক্ষেত্রে সাহায্য করে। এখানে বলা হচ্ছে আমাদের চেতনার তিনরকম অবস্থার কথা। প্রথম হল, জাগ্রত অবস্থা; দ্বিতীয় হল, স্বপ্নের অবস্থা - অর্থাৎ যখন আমরা নিদ্রার মধ্যে স্বপ্ন দেখি চেতনার সেই সময়কার অবস্থার কথা এবং স্বপ্নহীন নিদ্রা বা সুষুপ্তির সময়কার চেতনার অবস্থার কথা। এই তিনটি অবস্থাতেই কোনও একটি চেতনা বা চেতনার কোনও এক দিক (aspect) সামান্যভাবে উপস্থিত থাকে। এটি একটি বোধ। যেমন - যখন আমরা জেগে রয়েছি - তখন সকল অভিজ্ঞতাকে আমরা সম্পর্কিত করি অন্তর্গত 'আমি' এই বোধটির সঙ্গে। এমনকি আমরা যখন বলি 'আমার অহংবোধ' — তখনও 'অহং' বা আমিত্বের বোধকেও অন্তর্গত 'আমি'র সঙ্গে সম্পর্কিত করি আমরা। এবার যদি স্বপ্নের কথা ধরি, তাহলেও দেখি - যতক্ষণ আমরা স্বপ্নের জগতে -ততক্ষণ সেই জগতের সকল ঘটনা-সবকিছু ভীষণভাবে সত্য। আমিও সেই স্বপ্নে একেবারে ভীষণভাবে উপস্থিত। কিন্তু, সেই স্বপ্ন ভেঙে গেল — স্বপ্নকালীন সব ঘটনা বা বিষয় অলীক হয়ে গেলেও - অন্তর্গত 'আমি' বোধটি অবিকৃত রইল। আমরা বলি — 'আমি' স্বপ্ন দেখলুম। অর্থাৎ আবার সেই অন্তর্গত 'আমি' বোধ — যার সঙ্গে জাগ্রত অবস্থার সকল অভিজ্ঞতাকে সম্পর্কিত করে বুঝি আমরা — তা' একেবারে অটুট এবং তার সঙ্গেই আমরা সম্পর্কিত করে বুঝে নিয়েছি স্বপ্নকেও। এই সময়ে এমন সংশয়ও আমাদের মনকে দোলা দিয়ে যায় যে, জাগ্রত অবস্থাও আসলে স্বপ্ন নয়ত! যতঃক্ষণ স্বপ্ন দেখছিলুম - ততঃক্ষণ সমস্ত অভিজ্ঞতাকে যেমন বাস্তব এবং সত্য বলে মনে হচ্ছিল - একবারও এমন বোধ হচ্ছিল না যে, আমি স্বপ্ন দেখছি - এখনও - যখন আমি জেগে আছি বলে মনে করছি - এটাও স্বপ্নই নয়ত! ভেঙ্গে গেলে বুঝব - আমরা স্বপ্নই দেখছিলুম।

